## কথা দিয়েও হয়নি নিকাশিনালা সংস্কার

# অবরোধ ব্যবসায়ীদের

**কৌশিক বর্মন**

**পুণ্ডিবাড়ি, ২৪ জুন :** প্রত্যেক বছরই বর্ষায় ভোগান্তি পোহাতে হয়। এবছরও তার অন্যথা হয়নি। বেহাল নিকাশি ব্যবস্থার জন্য অসুবিধার মুখে পড়ছেন ব্যবসায়ী থেকে বাজারে আসা ক্রেতা, সকলেই। একাধিকবার এই বিষয়ে বাজার নিয়ন্ত্রণ সমিতিকে জানানো হয়েছে, কিন্তু কোনও সুরাহা হয়নি। মঙ্গলবার রাজ্য সড়ক অবরোধ করে বিক্ষোভ দেখালেন পুণ্ডিবাড়ি বাজারের ব্যবসায়ীরা।

তাঁদের মধ্যে রতন সরকার বললেন, 'দীর্ঘদিন ধরে আমাদের সবজি বাজারের নিকাশিনালার দশা খুবই খারাপ। এর আগেও একাধিকবার আরএমসিকে জানানো হয়েছে। দ্রুত সমস্যা সমাধানের আশ্বাস দিলেও বাস্তবে তা হয়নি। তাই এদিন বাধ্য হয়ে পথ অবরোধ করতে বাধ্য হয়েছি।'

কোচবিহার-২ ব্লকের অন্যতম গুরুত্বপূর্ণ বাজার এই পুণ্ডিবাড়ি বাজার। বাজারটির দায়িত্বে রয়েছে পশ্চিমবঙ্গ সরকারের বাজার নিয়ন্ত্রণ সমিতি। এদিন বাজারে গিয়ে দেখা যায়, নিকাশিনালার মুখে জমে রয়েছে জঞ্জালের স্তূপ। ফলে জল বেরোনোর পথ পুরোপুরি বন্ধ হয়ে রয়েছে। এর জেরে অল্প বৃষ্টিতেই বাজার চত্বরে হাঁটুজল জমে যায়।

এই অভিযোগে ১৫ জুন হাট ইনচার্জকে আটক করে রাখেন ব্যবসায়ীরা। সেদিন কোচবিহার জেলা বাজার নিয়ন্ত্রণ সমিতির সেক্রেটারি দেবনাথ মণ্ডল দ্রুত পদক্ষেপ করার আশ্বাস দিয়েছিলেন। কিন্তু এক সপ্তাহের বেশি হয়ে গেলেও এখনও কাজের কাজ কিছুই হয়নি। এদিন তাই ক্ষুব্ধ ব্যবসায়ীরা পথ অবরোধ করে বিক্ষোভ দেখালেন। দুপুর সাড়ে বারোটা নাগাদ পুণ্ডিবাড়ি-সোনাপুর ৩১ নম্বর রাজ্য সড়ক অবরোধ করা হয়। অবরোধকারী ব্যবসায়ী রঞ্জিত বিশ্বাস, রিতু বিশ্বাসরা জানালেন, নিকাশিনালার বেহাল দশার জন্য ক্রেতারাও বাজারের ভেতরে ঢুকতে চান না।

রঞ্জিতের কথায়, 'বৃষ্টি হল কী হল না, চারদিকে জল জমে যাচ্ছে। এই জল পেরিয়ে কেউ আর এখানে বাজার করতে আসতে চাইছেন না। আমাদের বিক্রিবাটা অনেকটাই কমে গিয়েছে।' এ বিষয়ে কোচবিহার জেলা বাজার নিয়ন্ত্রণ সমিতির সেক্রেটারির সঙ্গে যোগাযোগ করা হলেও তিনি 'মিটিংয়ে রয়েছি' বলে ফোন কেটে দেন। ফলে এদিন তাঁর কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি।

পথ অবরোধের খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় পুণ্ডিবাড়ি থানার পুলিশ। প্রায় আধ ঘণ্টা পর পুলিশ এবং ব্যবসায়ীদের মধ্যে বৈঠকের পর অবরোধ তুলে নেওয়া হয়।

শুধু ব্যবসায়ীরাই নন, বেহাল নিকাশি ব্যবস্থার জন্য সমস্যায় পড়ছেন বাজারে আসা ক্রেতারাও। স্থানীয় বাসিন্দা রাজু বিশ্বাস রোজ এই বাজার থেকেই কেনাকাটা করেন। তাঁর কথায়, 'বৃষ্টি হলেই বাজারে যাওয়া মানে একরকম নরকযন্ত্রণার মতো। বাজারের ভেতরে এতটাই জল জমে থাকে যে খুব সমস্যা হয়। দ্রুত বাজারটির নিকাশিনালার সংস্কার করা হোক।'



*অবরোধকারী ব্যবসায়ীদের সঙ্গে কথা বলছেন পুলিশ আধিকারিকরা।*

**দাবি অপূর্ণ**

- ১৫ জুন হাটের ইনচার্জকে আটক করে নিকাশিনালা সংস্কারের দাবি জানিয়েছিলেন ব্যবসায়ীরা
- সেসময় কোচবিহার জেলা বাজার নিয়ন্ত্রণ সমিতির সেক্রেটারি দ্রুত সংস্কারের আশ্বাস দিয়েছিলেন
- এক সপ্তাহ পরেও কোনও কাজ শুরু না হওয়ায় বিক্ষোভ দেখান ব্যবসায়ীরা

## জোড়া দুর্ঘটনা

**দিনহাটা ও মাথাভাঙ্গা, ২৪ জুন :** দিনহাটা-১ ব্লকে ছোট বোয়ালমারি রথবাড়িঘাট এলাকায় সোমবার রাতে একটি দুর্ঘটনা ঘটে। মৃত্যু হয় এক বাইকচালকের। নাম কৃষ্ণকান্ত বর্মন (৩৫), বাড়ি পেটলা গ্রাম পঞ্চায়েতের জামাদরবস এলাকায়।

প্রত্যক্ষদর্শীরা জানালেন, সোমবার রাত সাড়ে দশটা নাগাদ কৃষ্ণকান্ত দিনহাটা থেকে পেটলার দিকে যাচ্ছিলেন। উলটোদিক থেকে আসা একটি ট্রাকের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হলে বাইকচালক রাস্তায় ছিটকে পড়েন। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান দমকলকর্মীরা। গুরুতর আহত অবস্থায় ওই তরুণকে উদ্ধার করে নিয়ে যাওয়া হয় দিনহাটা মহকুমা হাসপাতালে। সেখানে চিকিৎসা চলাকালীন তাঁর মৃত্যু হয়।

দুর্ঘটনার পরই ট্রাক নিয়ে পালিয়েছে চালক। তার সন্ধানে তল্লাশি শুরু করেছে দিনহাটা থানার পুলিশ। দুর্ঘটনাস্থল সংলগ্ন এলাকার সিসিটিভি ফুটেজ সংগ্রহ করে তদন্ত চলছে, জানিয়েছে পুলিশ।

অন্যদিকে এদিন যাত্রীবাহী অটো নিয়ন্ত্রণ হারিয়ে উলটে রাস্তার পাশে ঝোপঝাড়ে গিয়ে পড়ে। ঘটনাটি মাথাভাঙ্গা-১ ব্লকের পচাগড় গ্রাম পঞ্চায়েত এলাকার বেলতলা মোড়ে ঘটেছে। সঙ্গে সঙ্গে এলাকাবাসী এগিয়ে আসেন। পচাগড় গ্রাম পঞ্চায়েতের উপপ্রধান কল্যাণী রায় জানান, যাত্রীবাহী অটোটি রামঠেঙ্গা থেকে মাথাভাঙ্গা শহরের দিকে আসছিল। তবে বেলতলার কাছে আসতেই অটোটি থেকে কালো ধোঁয়া বের হতে শুরু করে। ঘাবড়ে গিয়ে অটোচালক রাজকুমার বর্মন অটোর তেলের লাইন বন্ধ করে দেন। ফলে অটোটি নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে ঝোপের মধ্যে গিয়ে পড়ে। অটোতে যাত্রী না থাকায় বড় ধরনের দুর্ঘটনা ঘটেনি। পুলিশ অটোটিকে উদ্ধার করে মাথাভাঙ্গা থানায় নিয়ে এসেছে।



*ঝুঁকি নিয়ে।। কোচবিহারে হরিণচওড়ায় রেললাইনে। ছবি : অপর্ণা গুহ রায়*

## তরুণের দেহ

**তুফানগঞ্জ, ২৪ জুন :** তুফানগঞ্জ পুরসভার ৪ নম্বর ওয়ার্ডে স্টেট ব্যাংক সংলগ্ন এলাকায় একটি ঘেরা জায়গায় রাকেশ বর্মন (১৯) নামে এক তরুণকে গুরুতর আহত অবস্থায় উদ্ধার করা হয় মঙ্গলবার বিকেলে। তরুণকে উদ্ধার করে তুফানগঞ্জ মহকুমা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাঁকে মৃত ঘোষণা করেন। পুলিশের প্রাথমিক অনুমান, শর্টসার্কিট থেকে ওই তরুণের মৃত্যু হয়েছে। তরুণের দেহটি ময়নাতদন্তের জন্য কোচবিহার মেডিকেল কলেজে পাঠানো হয়েছে। তরুণের বাড়ি নাককাটিগাছ গ্রাম পঞ্চায়েতের কামাত ফুলবাড়ি এলাকায়। তাঁর দেহ উদ্ধার হয়েছে তাঁর বাড়ি থেকে আড়াই কিলোমিটার দূরে। কী কারণে তরুণ স্টেট ব্যাংক সংলগ্ন এলাকায় এসেছিলেন, পুলিশ তা খতিয়ে দেখছে।

# বিপজ্জনক ভাঙন নাগুরুহাটের রাস্তায়

**সায়নদীপ ভট্টাচার্য**

**বক্সিরহাট, ২৪ জুন :** তুফানগঞ্জ-২ ব্লকের শালবাড়ি-কামাখ্যাগুড়ি লালপুলগামী রাস্তায় শুরু হয়েছে ব্যাপক ভাঙন। শালবাড়ি-১ গ্রাম পঞ্চায়েতের নাগুরুহাট সংলগ্ন মরা রায়ডাক সেতুর পাড়বাঁধ ভাঙায় রাস্তার একাংশও ভেঙে পড়েছে। গত এপ্রিল মাস থেকে এই ভাঙন শুরু হলেও মেরামতের কোনও বন্দোবস্ত নেওয়া হয়নি বলে অভিযোগ। মাঝেমধ্যেই নিয়ন্ত্রণ হারিয়ে ডোবায় উলটে যায় ছোট গাড়ি। স্বভাবতই ঝুঁকি বাড়ছে যাতায়াতে। প্রশাসনকে জানিয়েও কোনও সুরাহা হয়নি বলে স্থানীয়দের অভিযোগ।

স্থানীয় বাসিন্দা সিরাজুল হকের কথায়, 'অতিরিক্ত বৃষ্টিতে গার্ডওয়াল ভেঙে রাস্তার পাশের মাটি ধুয়ে চলে গিয়েছে। ফলে রাস্তার নীচের মাটি ফাঁকা হয়ে যাচ্ছে। তার ওপরে যান চলাচলে ভাঙন কয়েকগুণ বেড়ে গিয়েছে। বর্তমানে রাস্তাটিতে যাতায়াত করতে যথেষ্ট ভয় লাগে।'

যদিও দ্রুত রাস্তা মেরামতির আশ্বাস দিয়েছেন শালবাড়ি-১ গ্রাম পঞ্চায়েত প্রধান মহেশ পাকাধরা।

এদিকে, মরা রায়ডাক নদীতে সেতু উদ্বোধনের পর তুফানগঞ্জ-২ ব্লকের সঙ্গে আলিপুরদুয়ারের কামাখ্যাগুড়ি যোগাযোগের নতুন রাস্তা খুলে যায়। আগে ঘুরপথে তুফানগঞ্জ থেকে যেতে হত কামাখ্যাগুড়িতে। খরচও লাগত অনেকটা বেশি। বর্তমানে এই সেতু থাকায় স্কুল-কলেজ পড়ুয়ারা, চাকরিজীবী, কৃষক সহ লক্ষাধিক মানুষ উপকৃত হয়েছেন।

এই ব্যস্ততম রাস্তাটি এতটাই সরু যে, একটি চার চাকা গাড়ি ঢুকলে অন্যদিকের গাড়ি পাশ কাটাতে পারে না। তার উপর রাস্তাটির একাংশ ভেঙে পড়ায় ভোগান্তি চরমে পৌঁছেছে। অসতর্কতায় যে কোনও মুহূর্তে পুকুরে গাড়ি পড়ে বড়সড়ো দুর্ঘটনার আশঙ্কা দেখা দিয়েছে।

বেহাল রাস্তাটি রতন বর্মন নামে এক স্কুল শিক্ষক বললেন, 'সরু রাস্তার বাঁকে এমন ধস দেখা দিয়েছে, কাছ থেকে দেখলে গা শিউরে ওঠে। এই ভাঙন দিন-দিন বেড়েই চলেছে। কিন্তু তা দেখে প্রশাসনের কোনওরকম হেলদোল নেই। দ্রুত এখানে গার্ডওয়াল দেওয়া দরকার।'



*ভাঙনে বিপন্ন সড়ক। নাগুরুহাটে।*

> অতিরিক্ত বৃষ্টিতে গার্ডওয়াল ভেঙে রাস্তার পাশের মাটি ধুয়ে চলে গিয়েছে। তার ওপরে যান চলাচলে ভাঙন কয়েকগুণ বেড়ে গিয়েছে। বর্তমানে রাস্তাটিতে যাতায়াত করতে যথেষ্ট ভয় লাগে।
>
> **সিরাজুল হক**
> *স্থানীয় বাসিন্দা*

## একটাই বাস, ভোগান্তি রামশাইয়ে

**বাণীব্রত চক্রবর্তী**

**ময়নাগুড়ি, ২৪ জুন :** রামশাই বাজার থেকে ময়নাগুড়ি হয়ে শিলিগুড়ি একটি বাস চলে সারাদিনে। রামশাই বাজার থেকে সকাল ৭টায় ছেড়ে আসে বাসটি। তারপর রামশাই থেকে ময়নাগুড়িগামী সরকারি-বেসরকারি কোনও বাস পরিষেবা নেই। রামশাই থেকে পানবাড়ি আমগুড়ি হয়ে ময়নাগুড়ি শহরে যাতায়াতের ভরসা একমাত্র টোটো। চরম ভোগান্তির শিকার প্রায় কুড়ি হাজার মানুষ। রামশাই থেকে ময়নাগুড়ি বাসের ভাড়া ২০ টাকা। সেক্ষেত্রে টোটো ভাড়া দিতে হয় জনপ্রতি ৫০ টাকা।

রামশাই পর্যটনকেন্দ্র। গরুমারা জাতীয় উদ্যানের একাংশ রামশাই গ্রাম পঞ্চায়েত এলাকার অন্তর্ভুক্ত। রাইনো রিসর্ট, কালীপুর ইকো ভিলেজ, মেদলা নজরমিনার এবং চুকচুকিয়া লেকে নৌকাবিহার সবটাই রামশাইয়ের বিস্তীর্ণ এলাকাজুড়ে। রয়েছে আদিবাসী নাচনি আখড়াও। সাপ্তাহিক ছুটির দিনে বহু পর্যটক ময়নাগুড়ি হয়ে রামশাই বেড়াতে যান। ময়নাগুড়ি শহর থেকে আমগুড়ি ও পানবাড়ি হয়ে রামশাই পর্যন্ত রাস্তাও বেশ চওড়া করা হয়েছে। কিন্তু সমস্যা যোগাযোগ ব্যবস্থা।

স্থানীয় বাসিন্দা বিনয় ঝা দুঃখ করে বলেন, 'রামশাই কেবলমাত্র পর্যটনকেন্দ্রই নয়। ঐতিহাসিক গুরুত্বও রয়েছে যথেষ্ট। ব্রিটিশরা প্রথম এখানেই ঘাঁটি গেড়ে চা বাগান গড়ে তোলে বলেই আমরা জানি। যাদবপুর চা বাগানে এক ইংরেজ সাহেবের বাংলোও রয়েছে। যদিও এখন তা দেখে চেনার উপায় নেই।'

কয়েক বছর আগেও তিনটি যাত্রীবাহী বড় বাস সহ উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের দুটি বাস এবং অসংখ্য ছোট বাস চলাচল করত। পরিবহণ নিগমের একটি বাস সারাদিনে তিনবার যাতায়াত করত। কেন বন্ধ হল সেই পরিষেবা? মিনিবাস ওনার্স অ্যাসোসিয়েশনের ময়নাগুড়ির টাইমকিপার উজ্জ্বল ভট্টাচার্য বলেন, 'রেলগেটে আন্ডারপাস নির্মাণের পর থেকেই বড় বাস চলাচল বন্ধ করে দিতে হয়েছে। এখন একটি বড় বাসের উপরের ক্যারিয়ার খুলে দিয়ে যাতায়াত করে।' স্থানীয় বাসিন্দা ভোলানাথ সরকারের কথায়, 'স্কুল, কলেজ, অফিস আদালত সবটাই তো শহরে। কুড়ি কিলোমিটার দূরত্ব সহজ নয়। টোটোয় দ্বিগুণেরও বেশি ভাড়া গুনতে হচ্ছে সাধারণ মানুষকে। অপচয় হচ্ছে সময়।'

টোটোচালক সুরজ গোয়ালা বলেন, 'বাস নেই বললেই চলে। বাধ্য হয়েই টোটোতে যাত্রীদের পরিষেবা দিই।' উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগমের ময়নাগুড়ি ডিপো ইনচার্জ ঋষিকেশ বর্মনের কথায়, 'একদিকে বাসের সংখ্যা কম। অন্যদিকে খাগড়াবাড়িতে রেলের আন্ডারপাসে গাড়ি আটকে যায়। সেই কারণে বাস বন্ধ করে দিতে হয়েছে।' রামশাইয়ের বাসিন্দা কলেজ পড়ুয়া বিনোদ রায় বলেন, 'গুরুত্বপূর্ণ পর্যটনকেন্দ্র হিসেবে পরিচিতি রামশাইয়ের। যাত্রী পরিষেবা তলানিতে। ৩০ হাজার মানুষ হয়রানির শিকার হচ্ছেন।'



*কোচবিহার বিমানবন্দরে আপৎকালীন মহড়া। মঙ্গলবার।*

# বিমানবন্দরে মকড্রিল

**গৌরহরি দাস**

**কোচবিহার, ২৪ জুন :** মঙ্গলবার বিকাল ৪টা ১০ মিনিট নাগাদ কোচবিহারের ঐতিহ্যবাহী বিমানবন্দরে হঠাৎই বিপদের ঘণ্টা অর্থাৎ সাইরেন বেজে ওঠে। দেখা যায় বিমানবন্দরের রানওয়ের পাশে দাউদাউ করে আগুন জ্বলছে। সেই সময় ঘণ্টা বাজাতে বাজাতে দমকলের গাড়িকে সেখানে পৌঁছাতে দেখা যায়। সেই সঙ্গে পুলিশের গাড়ি ও অ্যাম্বুল্যান্স ওই জায়গায় এসে পৌঁছায়।

ঘটনাস্থলে পৌঁছে দমকলের গাড়ি পাইপের মাধ্যমে জল দিয়ে সেই আগুন নেভাতে শুরু করে। দেখা যায় মুখে বড় বড় মাস্ক লাগিয়ে কালো পোশাক পড়ে ফায়ার অ্যান্ড রেসকিউ অপারেটররা স্ট্রেচারে করে কয়েকজনকে তুলে নিয়ে যাচ্ছেন। ঘটনাস্থলে বিমানবন্দর কর্তৃপক্ষের বিভিন্ন কর্মী ও আধিকারিকদের ছুটে আসতে দেখা যায়। ডাক্তার ও নার্সরাও সেখানে উপস্থিত হন। স্ট্রেচারে করে নিয়ে আসা ব্যক্তিদের দ্রুত অ্যাম্বুল্যান্সে তোলা হয়। এরপর অ্যাম্বুল্যান্সে তাঁদেরকে নিয়ে এমজেএন মেডিকেল কলেজে রওনা হয়।

ঘটনায় বিমানবন্দরের আশপাশের রাস্তা দিয়ে চলাচল করা সাধারণ মানুষের একাংশের মধ্যে কৌতূহলের সৃষ্টি হয়। অনেকের মনে প্রশ্ন আসে এখানেও তবে কোনও বিমান দুর্ঘটনা ঘটেছে?

যদিও পরে বিমানবন্দর সূত্রে জানা যায় সত্যিকারের কোনও দুর্ঘটনা ঘটেনি। তবে সম্প্রতি আহমেদাবাদে ঘটে যাওয়া বিমান দুর্ঘটনার মতো যদি কিছু কোচবিহারে ঘটে তখন পরিস্থিতি কীভাবে নিয়ন্ত্রণ করতে হবে, তারজন্য এই বিশেষ মকড্রিলের আয়োজন করা হয়।

**কোচবিহার**

এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার কোচবিহার বিমানবন্দরের আধিকারিক শুভাশিস পাল বলেন, 'যদি কখনও বিমান দুর্ঘটনা ঘটে তাহলে কীভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে হবে ও মৃত্যুর সংখ্যা কমাতে কী করণীয় তা নিয়ে এদিন বিমানবন্দরে মকড্রিল করা হয়েছে। বিমানবন্দরের রানওয়ের পাশে এই মকড্রিল করা হয়।'

## গাঁজা সহ গ্রেপ্তার চার

**ঘোকসাডাঙ্গা, ২৪ জুন :** ফালাকাটা-মাথাভাঙ্গা রাজ্য সড়কে মঙ্গলবার সাফারি গাড়ি থেকে গাঁজা সহ চারজনকে গ্রেপ্তার করল ঘোকসাডাঙ্গা থানার পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে এদিন বিশেষ অভিযান চালায়। ধৃতদের নাম অমৃত সেন, সাধন সরকার, গীতা রায়, ঝর্ণা সরকার। তাদের বাড়ি দিনহাটা, সিতাই এবং ফালাকাটা ও শিলিগুড়ি থানা এলাকায়।

পুলিশ জানিয়েছে, ঘোকসাডাঙ্গা থানার ওসি কাজল দাসের নেতৃত্বে একদল পুলিশ এদিন মাথাভাঙ্গা-ফালাকাটা রাজ্য সড়কে আটপুকুরি বাজার সংলগ্ন এলাকায় ওঁত পেতে বসে থাকে। তথ্য অনুযায়ী সেখান দিয়ে যাতায়াতকারী একটি সাফারি গাড়িতে তল্লাশি শুরু হয়। গাড়িতে থাকা দুটি পলিথিন ব্যাগ এবং দুটি ট্রলি বাজেয়াপ্ত হয়, ব্যাগগুলিতে মেলে প্রায় ৩৫ কেজি গাঁজা। দুজন পুরুষ এবং দুজন মহিলাকে আটক করে জিজ্ঞাসাবাদ করা হয়। একেক জন একেক কথা বললে তাদের গ্রেপ্তার করা হয়। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছান মাথাভাঙ্গার সিআই অজয়কুমার মণ্ডল এবং ম্যাজিস্ট্রেট তথা মাথাভাঙ্গা-২'এর বিডিও অর্ণব মুখোপাধ্যায়। মাথাভাঙ্গার সিআইয়ের কথায়, 'প্রায় ৩৫ কেজি গাজা সহ চারজনকে গ্রেপ্তার করা হয়েছে। তদন্ত চলছে।'

সম্প্রতি নিশিগঞ্জ থেকেও গাঁজা উদ্ধারের ঘটনা প্রকাশ্যে আসে। গাঁজা পাচারের কাজে ব্যবহার করা হচ্ছে মহিলাদের। বারবার একই ঘটনা ঘটায় পুলিশের অনুমান জাতীয় সড়ক এবং রাজ্য সড়ক ক্রমশ গাঁজা পাচারকারীদের মুক্তাঞ্চলে পরিণত হয়েছে।

## ধৃত ২

**কুমারগ্রাম ও বারবিশা, ২৪ জুন :** মঙ্গলবার কুমারগ্রামের ডাহারু চৌপথি, মধ্য হলদিবাড়ি, দুর্গাবাড়ি, উত্তর হলদিবাড়ি, এন্ডিবাড়ি, পাগলারহাট, হেমাগুড়ি, ঘোড়ামারা, চ্যাংমারি, বারবিশা, লস্করপাড়া সহ বিভিন্ন এলাকায় অবৈধ মদবিরোধী অভিযান চালিয়ে ৩৬ লিটার ভুটানি মদ বাজেয়াপ্ত করলেন আবগারি দপ্তরের কর্মীরা।

# ফকিরেরকুঠিতে জলে আয়রন

**বিশ্বজিৎ সাহা**

**মাথাভাঙ্গা, ২৪ জুন :** এলাকায় নলবাহিত পানীয় জলপ্রকল্পের কাজ এখনও সম্পন্ন হয়নি। পাইপলাইন কিছু জায়গায় পাতা হলেও বাকি আছে অনেক কাজ। অগত্যা নলকূপের জলই পান করতে হচ্ছে পচাগড় গ্রাম পঞ্চায়েতের ফকিরেরকুঠি গ্রামের বাসিন্দাদের। এরপর বাসিন্দাদের সুবিধার্থে এলাকায় পানীয় জলের সমস্যা মেটাতে স্থানীয় গ্রাম পঞ্চয়েত কর্তৃপক্ষ বছরখানেক আগে ফকিরেরকুঠিতে একটি সৌরবিদ্যুৎচালিত পানীয় জলপ্রকল্প চালু করেছিল। তবে প্রায় সাড়ে তিন লক্ষ টাকা ব্যয়ে ওই প্রকল্প চালু করা হলেও আদতে সেটা কোনও কাজেই আসছে না। উদ্বোধনের কিছুদিন পর থেকেই ওই প্রকল্প থেকে আয়রনযুক্ত জল মিলছে। দুর্গন্ধও বের হচ্ছে বলে অভিযোগ। বাধ্য হয়ে আগের মতোই নলকূপের জল খেতে হচ্ছে বাসিন্দাদের। তাঁরা জানিয়েছেন, ওই জল ব্যবহারে ত্বকে চুলকানি সহ নানা সমস্যা দেখা দিয়েছে।

তবে ঠিক কী কারণে পানীয় জলের এমন পরিস্থিতি? পচাগড় গ্রাম পঞ্চায়েতের নির্মাণ সহায়ক অমিতাংশু সাহার কথায়, 'পঞ্চদশ অর্থ কমিশনের তহবিল থেকে প্রকল্পটি তৈরি হয়। প্রথমে ১৬০ ফুট নলকূপের জন্য বোরিং করা হয়েছিল। তবে জল খারাপ ওঠায় দ্বিতীয়বার ২০০ ফুট নলকূপের জন্য বোরিং করা হলেও আয়রনমুক্ত জল পাওয়া যায়নি।' সমস্যা সমাধানে প্রকল্পটির স্থান পরিবর্তনের পরিকল্পনা রয়েছে বলে জানিয়েছেন স্থানীয় পঞ্চায়েত সদস্য বিক্রম দত্ত।

এদিকে, দীর্ঘদিন ধরে ওই এলাকার বাসিন্দারা পানীয় জলের সমস্যায় ভুগছেন। গরমে ভোগান্তি আরও বেড়েছে তাঁদের। এই পরিস্থিতিতে কেউ অন্য এলাকা থেকে জল বয়ে আনছেন, আবার কেউ জল কিনে পান করছেন। তবে এভাবে আর কতদিন চলবে? সেই প্রশ্ন তুলেছেন এলাকাবাসী।

এলাকার বাসিন্দা সামিনুর মিয়াঁ বলেন, 'প্রথম থেকেই ওই জল ব্যবহারের অযোগ্য। তাই সেই জল ব্যবহার করা বন্ধ করে দিয়েছি। ফলে কয়েক লক্ষ টাকা ব্যয়ে তৈরি পানীয় জলপ্রকল্পটি কার্যত অকেজো। যাঁদের সামর্থ্য আছে, তাঁরা জল কিনে পান করছেন। আর যাঁদের সামর্থ্য নেই, তাদের ওই আয়রনযুক্ত জল পান করতে হচ্ছে।' একই কথা বলেন আরেক বাসিন্দা উত্তম দাস। ভূগর্ভস্থ জলে আয়রনের মাত্রা বেশি থাকায় জল পরিশোধন প্রকল্প ব্যর্থ হচ্ছে বলে মনে করছেন গ্রামবাসীরা। এ ব্যাপারে পচাগড় গ্রাম পঞ্চায়েত প্রধান কুন্তী বর্মন বলেন, 'এলাকায় বিকল্প জল সরবরাহের উপায় খুঁজতে প্রশাসনিক স্তরেও আলোচনা চলছে।'



*অকেজো জলপ্রকল্প।*

**ব্যর্থ প্রকল্প**

- উদ্বোধনের কিছুদিন পর থেকে মিলছে আয়রনযুক্ত জল
- জলে থাকছে দুর্গন্ধও
- ওই জল ব্যবহারে দেখা দিয়েছে ত্বকে চুলকানি সহ নানা সমস্যা

# সুষ্ঠুভাবে ঘাটের ডাক রুইডাঙ্গায়

**ঘোকসাডাঙ্গা, ২৪ জুন :** মঙ্গলবার মাথাভাঙ্গা-২ ব্লকের রুইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতে দুটি ঘাট ও খোঁয়াড়ের ডাক সুষ্ঠুভাবে সম্পন্ন হল। এদিন গ্রাম পঞ্চায়েত কার্যালয়ের চারিদিকে প্রচুর পরিমাণ পুলিশ মোতায়েন করা হয়। নিয়ম মেনে ঘাট ও খোঁয়াড়ের ডাক সম্পূর্ণ হয়েছে বলে গ্রাম পঞ্চায়েত প্রধান অশ্বিনী দেব সিংহ জানিয়েছেন।



মঙ্গলবার মাথাভাঙ্গা-২ ব্লকের রুইডাঙ্গা গ্রাম পঞ্চায়েতে মানসাই নদীর ওপর অবস্থিত চোখকাটা ঘাট, ৫ নম্বর বাঁধের ঘাট ও দুটি খোঁয়াড়ের ডাকের সভা অনুষ্ঠিত হয়। আর তা ঘিরেই গ্রাম পঞ্চায়েতের কার্যালয়ের চারদিকে প্রচুর পুলিশ মোতায়েন করে প্রশাসন। জীবন সরকার ৬ লক্ষ ৬৬ হাজার টাকায় চোখকাটা ঘাটের ডাক পেয়েছেন। ৫ নম্বর বাঁধের ঘাট ও ২টি খোঁয়াড়ও নিয়ম মেনে ডাক পেয়েছেন। গ্রাম পঞ্চায়েতের প্রধান অশ্বিনী দেব সিংহ বলেন, 'চোখকাটা ঘাটের ডাক নিয়ে যাতে কোনও উত্তেজনা বা বিশৃঙ্খলা না ঘটে, তার জন্যই পুলিশ-প্রশাসনের সাহায্য চাওয়া হয়েছিল। অবশেষে নিয়ম মেনে ঘাট ও খোঁয়াড়ের ডাক প্রক্রিয়া সম্পূর্ণ হয়েছে।'

# মোরগ লড়াইয়ে উড়ছে কোটি টাকা

**সপ্তর্ষি সরকার**

**ধূপগুড়ি, ২৪ জুন :** কেউ লালের পক্ষে, তো কেউ কালোকেই চাইছেন। চলছে ভাও দেওয়া। উড়ছে কোটি কোটি টাকা। বাঁশের বেড়া দিয়ে ঘেরা ময়দান। সাদা চুন দিয়ে সেখানে গোল করে দাগ দেওয়া। মাঝে বর্ডার। দেখতে অনেকটা ফুটবলের সেন্টারের মতো। সেখানে প্রাণ বাঁচাতে একে অপরের প্রাণ নেওয়ার লড়াইয়ে মত্ত দুই মোরগ।

চারপাশে তোড়া তোড়া পাঁচশো টাকার বান্ডিল হাতে উল্লাসে ব্যস্ত শতাধিক মানুষ। কেউ সাইড বাজি লাগাচ্ছেন, আবার কারও নজর কাইদগারের দিকে। সে কীভাবে মোরগের পায়ে লোহার ফলা বাঁধছে। তা দেখেই অনেকে আন্দাজ করছেন কোন মোরগ জিতবে রক্তক্ষয়ী যুদ্ধে।

১৯৬০ সালের পশুপাখির ওপর নৃশংসতা বিরোধী আইন বলছে, এই মারণ খেলা চূড়ান্ত বেআইনি। তাতে অবশ্য কাঁচা টাকা হাতে ময়দানে হাজির শতাধিক লোকের কিস্যু যায় আসে না। তাঁদের একমাত্র লক্ষ্য বাজি জেতা।

লেনদেন মিটলেই শুরু হচ্ছে পরের খেলা। এভাবে ফি সপ্তাহে রবি ও বুধবার চলছে মোরগ লড়াই। ধূপগুড়ি ও বানারহাট থানা এলাকার একেবারে সীমান্তে সাঁকোয়াঝোরা-১ গ্রাম পঞ্চায়েত অঞ্চলের খড়িয়াবস্তি ও আম্বাডিপার মাঝে পথের পাশেই সপ্তাহে দু'বার প্রকাশ্য দিবালোকে বসছে মোরগ লড়াইয়ের আসর। বুধবার আয়োজন কিছুটা কম থাকলেও রবিবার জমে উঠছে আসর। মূলত চাট ও মদের দোকানই বসে ময়দানে। অনেকটা ওপেন বার কাম রেস্তোরাঁ হিসেবেই কারবারিরা পসরা সাজিয়ে বসছে। থাকছে হরেক রকম চাট, এমনকি হাঁড়িয়ার দোকান। বুধবার স্থানীয়রাই এই আসর জমায়। তবে রবিবার শিলিগুড়ি, মাটিগাড়া, নকশালবাড়ি, কালিম্পং, বারবিশা এমনকি নিম্ন অসম থেকে জুয়াড়িরা আসে। রীতিমতো বস্তা বোঝাই করে আনা হয় নোট, যা ওড়ে মোরগ লড়াইয়ের বাজি হিসেবে। ছুটে আসে পেশাদার মোরগ পালন ও ট্রেনাররা। নানা জায়গা থেকে আসে পেশাদার কাইদগার, যাদের দায়িত্ব মোরগদের পায়ে সুনিপুণভাবে ছুরি বাঁধা।

পুরো বোর্ড পরিচালনা করে স্থানীয় কয়েকজন বাহুবলী। তাদের দায়িত্ব এলাকার পুলিশ ও রাজনৈতিক নেতাদের সেটিং করা। যারা বোর্ড পরিচালনা করে, তারা ম্যাচ প্রতি ৫০০ টাকা করে পায়। যারা ছুরি বাঁধে, সেই কাইদগাররা মোরগ জিতলে পায় ২০০ টাকা, সঙ্গে বকশিশ। দোকানিরা মদ ও চাকনা বেচে লাভ করে ভরপুর। সাধারণত শীতকালে চা বাগানের আশপাশে মোরগ লড়াইয়ের আসর বসে। এখানে সারাবছর চলে কারবার। পুলিশ এমনিতে আসে না। তবে সন্দেহজনক কেউ এলেই খবর দিয়ে দেয় দুই পাশে বসা এজেন্টরা। এজন্য তারা প্রতি মাসে বেতন পায় বলে খবর।

এভাবেই ফি হপ্তায় লাখ লাখ টাকা ওড়ে মোরগ লড়াইয়ে। সব মিলিয়ে কোটি কোটি টাকার কারবার। দিনশেষে লড়াইয়ে পরাজিত মোরগদের লাশ বিক্রি হয় নিলামের মাধ্যমে। লড়াইয়ের জন্য প্রস্তুত মোরগের দাম ৫ থেকে ১৫ হাজার। পরাজিত মৃত মোরগ অবশ্য পাঁচ থেকে সাতশো টাকাতেই মেলে। সবাই সব জানে। কিন্তু মুখ কেউই খোলে না। মুখ খুলতে নারাজ পুলিশকর্তারাও।



*মোরগ লড়াইয়ের আগে প্রস্তুতি। ধূপগুড়িতে।*

# কাজ বন্ধের হুমকি আশাকর্মীদের

## উৎসাহ ভাতার বকেয়ার পরিমাণ কোটি টাকা

**শিবশংকর সূত্রধর**

**কোচবিহার, ২৪ জুন :** কোচবিহার জেলায় আশাকর্মীদের 'উৎসাহ ভাতা'র বকেয়ার পরিমাণ দাঁড়িয়েছে কোটি টাকারও বেশি। বারবার স্বাস্থ্য দপ্তরে দাবি জানিয়েও বকেয়া না মেটায় এবার কর্মবিরতির ডাক দিলেন আশাকর্মীরা। আগামী ৯ জুলাই জেলাজুড়েই কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়ন। মাসিক সাম্মানিকের পাশাপাশি টিকাকরণ, জল পরীক্ষা সহ স্বাস্থ্য সম্পর্কিত নানা কাজের জন্য অতিরিক্ত ভাতা পান আশাকর্মীরা। নিয়ম মেনে কাজ করলেও সেই ভাতা মিলছে না বলে অভিযোগ। ফলে মঙ্গলবার কোচবিহারে মিছিল করে মুখ্য স্বাস্থ্য আধিকারিকের দপ্তরে বিক্ষোভ দেখান তাঁরা। জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক হিমাদ্রিকুমার আড়ির বক্তব্য, 'রাজ্য থেকে ফান্ড এলে আশাকর্মীদের তা দিয়ে দেওয়া হয়। কিছু পরিমাণ টাকা এসেছে। দ্রুত দিয়ে দেওয়া হবে।'

কোচবিহার জেলায় অন্তত দুই হাজার আশাকর্মী রয়েছেন। গ্রামীণ এলাকার স্বাস্থ্য সম্পর্কিত পরিষেবার ক্ষেত্রে তাঁরা অন্যতম ভূমিকা পালন করেন। কিছু পরিষেবার ক্ষেত্রে কাজ অনুযায়ী তাঁরা সাম্মানিকের পাশাপাশি বাড়তি পারিশ্রমিক পান যা 'উৎসাহ ভাতা' নামে পরিচিত। দীর্ঘদিন ধরেই আশাকর্মীরা দাবি করছেন, প্রতি মাসে যে ভাতা সেই ভাতা দেওয়া হোক।



*কোচবিহারের কাছারি মোড়ে আশাকর্মীদের পথ অবরোধ। -জয়দেব দাস*


কিন্তু অভিযোগ, নিয়মিত সেই ভাতা মেলে না। গত মার্চ মাস থেকে তাঁদের উৎসাহ ভাতা মিলছে না বলে অভিযোগ। এদিন দুপুরে শহরে একটি বিক্ষোভ মিছিল করেন পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়নের সদস্যরা। সংগঠনের সম্পাদক রিনা ঘোষ বলেন, 'আশাকর্মীদের চূড়ান্ত ব্যস্ততার মধ্যে থেকে বহু কাজ করতে হয়। কিন্তু উপযুক্ত পারিশ্রমিক মেলে না। যা ভাতা দেওয়ার কথা সেটাও সময়মতো দেওয়া হচ্ছে না। বারবার দাবি জানিয়েও কোনও কাজ না হওয়ায় ৯ জুলাই আমরা ধর্মঘটের পথে যাচ্ছি। সেদিন কোনও আশাকর্মীই কাজ করবেন না।'

**ভাতা মিলছে না**

- আগামী ৯ জুলাই জেলাজুড়েই কাজ বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে পশ্চিমবঙ্গ আশাকর্মী ইউনিয়ন
- মাসিক সাম্মানিকের পাশাপাশি টিকাকরণ, জল পরীক্ষা সহ স্বাস্থ্য সম্পর্কিত নানা কাজের জন্য অতিরিক্ত ভাতা পান আশাকর্মীরা
- গত মার্চ মাস থেকে তাঁদের উৎসাহ ভাতা মিলছে না বলে অভিযোগ
- কারও পাঁচ হাজার টাকা, কারও ১০ হাজার টাকা আবার কারও তারও বেশি বকেয়া রয়েছে

সংগঠনের দাবি, কারও পাঁচ হাজার টাকা, কারও ১০ হাজার টাকা আবার কারও তারও বেশি বকেয়া রয়েছে। সব মিলিয়ে কোটি টাকার উপরে বকেয়া বলেই তাঁদের দাবি। আন্দোলনকারী আশাকর্মী বিজলি রায় বলেছেন, 'আমাদের কাজের চাপ বেড়েই চলেছে। অথচ প্রাপ্য পারিশ্রমিক সময়মতো পাচ্ছি না। আমাদেরও তো পরিবার রয়েছে।' আরেক আশাকর্মী কাকলি বর্মনের বক্তব্য, 'এত কষ্ট করে কাজ করার পরেও বকেয়া না পাওয়ায় বাধ্য হয়ে আমরা আন্দোলনে নেমেছি।'

আশাকর্মীরা ধর্মঘটে শামিল হলে স্বাস্থ্য পরিষেবায় তার প্রভাব পড়বে বলেই মনে করছেন সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকরা। যদিও শীঘ্রই আশাকর্মীদের বকেয়ার সমস্যা মিটে যাবে বলে সরকারিভাবে আশ্বাস দেওয়া হয়েছে।


*বৃষ্টি মাথায় নিয়ে।। গজলডোবায় ছবিটি তুলেছেন শিলিগুড়ির অরিজিৎ ভট্টাচার্য।*

পাঠকের লেন্সে
8597258697
picforubs@gmail.com

টুকরো খবর

### স্কুলে কুকুরের আতঙ্ক

**চ্যাংরাবান্ধা, ২৪ জুন :** মঙ্গলবার চ্যাংরাবান্ধা উচ্চবিদ্যালয়ের পঞ্চম শ্রেণির এক ছাত্রকে কুকুরে আঁচড় দেয়। যে ঘটনা নিয়ে আতঙ্ক ছড়িয়েছে বিদ্যালয়ে। স্কুল সূত্রে জানা গিয়েছে, পঞ্চম শ্রেণির এক ছাত্র এদিন শৌচাগারে যাওয়ার পথে এ ঘটনা ঘটে। বিদ্যালয় থেকে চ্যাংরাবান্ধা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে তৎক্ষণাৎ তাকে পাঠিয়ে প্রতিষেধক দেওয়ার পর অভিভাবকদের ডেকে ওকে বাড়ি পাঠানো হয়। বিদ্যালয়ের ভারপ্রাপ্ত শিক্ষক বাবুলাল সিং বলেন, 'বর্তমানে পড়ুয়াটি সুস্থ আছে। স্কুলের প্রাচীরের ধারের মাটি খুঁড়ে কুকুরটি এসেছিল। ওই জায়গাটি বন্ধ করে দেওয়া হয়েছে। শনিবারেও এক পড়ুয়াকে কুকুর আঁচড় দিয়েছিল। আমরা পড়ুয়াদের সাবধান করেছি এবিষয়ে।'

### প্রচার স্বাস্থ্য দপ্তরের

**পারডুবি, ২৪ জুন :** মঙ্গলবার মাথাভাঙ্গা-২ ব্লকের পারডুবি উচ্চবিদ্যালয়ে ম্যালেরিয়া সহ নানা রোগ হলে কী করণীয়, কী করা উচিত নয় তা নিয়ে সচেতনতা প্রচার চালাল স্বাস্থ্য দপ্তর। এদিন ঘোকসাডাঙ্গা ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের চিকিৎসক বিশ্বনাথ দেবনাথ সহ স্বাস্থ্য দপ্তরের প্রতিনিধিরা নানা বিষয় তুলে ধরেন। বিদ্যালয়ের প্রধান শিক্ষক সুব্রত চক্রবর্তীর কথায়, 'নিঃসন্দেহে স্বাস্থ্য দপ্তরের এহেন উদ্যোগ ছাত্রছাত্রীদের কাজে লাগবে।'

### বন্ধ বাজার

**কোচবিহার, ২৪ জুন :** মাছের আড়তদারের মৃত্যুতে মঙ্গলবার সারাদিন বন্ধ ছিল ভবানীগঞ্জ বাজারের মাছ বাজার। কলাবাগান এলাকার বাসিন্দা রবীন সরকার নামের এক মাছ ব্যবসায়ী রবিবার মারা যান বলে ব্যবসায়ী সমিতির তরফে জানানো হয়েছে। ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক সুরোজকুমার ঘোষ বলেন, 'তাঁর আকস্মিক প্রয়াণে আমরা শোকস্তব্ধ।'

## রাজবাড়িতে অশ্লীল ভিডিও

**কোচবিহার, ২৪ জুন :** কোচবিহার রাজবাড়িতে অশ্লীল ভিডিও তৈরি করার অভিযোগে জেলা শাসকের দ্বারস্থ হল রাজবংশী উন্নয়ন মঞ্চ। সংগঠনের দাবি রাজবাড়ি কোচবিহারবাসীর আবেগের সঙ্গে ওতপ্রোতভাবে জড়িয়ে রয়েছে। অথচ কিছু তরুণ-তরুণী অশালীনভাবে সেখানে ভিডিও বানিয়ে চলেছে। যেটা কোনওভাবেই কাম্য নয়। অবিলম্বে প্রয়োজনীয় পদক্ষেপ করার জন্য সংগঠনের তরফে মৃগাঙ্ককুমার রায় জেলা শাসকের কাছে অভিযোগপত্র জমা দেন।

## ডুবে মৃত্যু

**কামাখ্যাগুড়ি, ২৪ জুন :** সোমবার খোয়ারডাঙ্গা-১ গ্রাম পঞ্চায়েতের কাঞ্চিবাজার সংলগ্ন রায়ডাক নদী থেকে এক ব্যক্তির মৃতদেহ উদ্ধার হয়। ওই ব্যক্তির নাম দেবেন্দ্রনাথ দাস (৫৮)। সোমবার ওই ব্যক্তি নদীতে মাছ ধরতে গিয়েছিলেন। তারপর আর বাড়ি ফেরেননি। মঙ্গলবার দেহ উদ্ধার হয়।

## পরিষেবা ব্যাহত হওয়ায় স্থানীয়দের ক্ষোভ বাড়ছে

# বেহাল পশুহাটের মাঠ

**সায়নদীপ ভট্টাচার্য**

**বক্সিরহাট, ২৪ জুন :** রক্ষণাবেক্ষণ ঠিকমতো না হওয়ায় সামান্য বৃষ্টিতে বেহাল অবস্থা বক্সিরহাটে গবাদিপশুর হাটের জন্য ব্যবহৃত মাঠটি। জলকাদায় চরম ভোগান্তি হচ্ছে পশুর হাটে আসা ব্যবসায়ীদের। মাঠের পাশে পশুর হাটের ঘরটিও বেদখল হয়ে যাচ্ছে। ফলে সরকারি নিয়ন্ত্রণাধীন রেগুলেটেড মার্কেট কমিটির (আরএমসি) ভূমিকা নিয়ে প্রশ্ন উঠছে।

তুফানগঞ্জ মহকুমায় পশুহাটগুলির অন্যতম বক্সিরহাট বাজার সংলগ্ন ওই হাটটি। অসম-বাংলা সীমানায় এই হাটের গুরুত্ব আছে। দূরদূরান্ত থেকে আনা গবাদিপশুদের খাওয়ার জায়গা করে দিতে একসময় মাঠের একপাশে পাকা ঘর তৈরি করা হয়েছিল। কিন্তু তা দখল হয়ে বিল্ডিং উঠতে শুরু করেছে। বাধা দেওয়ার কেউ নেই।

তাছাড়া মাঠ ও সংলগ্ন নিকাশিনালা সাফাই না হওয়ায় সামান্য বৃষ্টিতে মাঠটি জলকাদায় ভরে যাচ্ছে। প্রতি শুক্রবার এই হাটে গবাদিপশু বিক্রি হলেও প্রতিদিন ভোরে সবজির পাইকারি বাজার বসে। গবাদিপশু কেনাবেচার জন্য মাঠের একদিকে রেগুলেটেড মার্কেট কমিটির তৈরি করে দেওয়া ঘর রয়েছে। স্থানীয় কিছু পাইকারি ব্যবসায়ী মালপত্র মজুত করার জন্য সেই ঘরটির একাংশ দখল করে নিয়েছেন। বাধ্য হয়ে খোলা আকাশের নীচে সকলকে কেনাবেচা করতে হচ্ছে।


*বৃষ্টিতে জলকাদা জমে বেহাল বক্সিরহাট গবাদিপশু হাট।*

**চূড়ান্ত দুর্ভোগ**

- পশুহাটের জন্য রাখা ঘর বেদখল হয়ে যাচ্ছে
- খোলা আকাশের নীচে পশু কেনাবেচা চলছে
- মাঠ সংস্কারে হেলদোল নেই আরএমসি-র
- মাঠ সংস্কার না হওয়ায় ক্ষতি ব্যবসায়ীদের

> আরএমসি কর্মীরা খাজনা আদায় করলেও মাঠ সংস্কারে কারও হেলদোল নেই।
>
> **শেখ নুর ইসলাম**
> *গবাদিপশু বিক্রেতা*

হঠাৎ বৃষ্টি হলে ক্রেতা-বিক্রেতাদের দাঁড়ানোর জায়গা নেই। বৃষ্টির পর মাঠে গবাদিপশু বা সবজি কেনাবেচার অবস্থা থাকে না। স্থানীয় বাসিন্দারা মাঠটি সংস্কারের জন্য বারবার দাবি জানালেও মার্কেট কমিটি সংস্কার করেনি। হাটে গবাদিপশু বিক্রেতা নুর ইসলাম শেখ বলেন, 'আরএমসি কর্মীরা খাজনা আদায় করলেও মাঠ সংস্কারে কারও হেলদোল নেই।'

এতে ব্যবসায়ীরা ক্ষতিগ্রস্ত হচ্ছেন বলে বক্সিরহাট ব্যবসায়ী সমিতির সম্পাদক বিপুল দাস জানিয়েছেন। আরএমসির আধিকারিক দেবনাথ মণ্ডল বলেন, 'খুব তাড়াতাড়ি মাঠটি সংস্কারের উদ্যোগ নেওয়া হবে।'

## মেয়ের বাড়িতে ঠাঁই পলাতক বৃদ্ধের

# গুজবের উৎস নিয়ে ধোঁয়াশা গারোভিটায়

**অভিজিৎ ঘোষ**

**আলিপুরদুয়ার, ২৪ জুন :** একটা ঘটনাই বদলে গিয়েছে গ্রামের পরিবেশ। গ্রামের বাসিন্দারা একে অপরের দিকে সন্দেহের দৃষ্টিতে তাকাচ্ছেন। আলিপুরদুয়ার শহর সংলগ্ন গারোভিটা গ্রামে কালাজাদু করা নিয়ে যে ভাঙচুর-তাণ্ডব চালানো হয়েছে, সেই ঘটনার উত্তাপ এখনও রয়েছে এলাকায়। যে বৃদ্ধের বিরুদ্ধে ওই অভিযোগ, তিনি এখনও বাড়িছাড়া। পরিবারের লোকের মুখে শোনা গেল আপাতত মেয়ের বাড়িতে আশ্রয় নিয়েছেন তিনি। সেই জায়গাটা কোথায়, সেবিষয়ে মুখে কুলুপ এঁটেছেন বৃদ্ধের ছেলে ও পুত্রবধূ। তাঁকে গ্রামে ফেরানো নিয়ে এখনও আপত্তি গ্রামবাসীদের। আর বৃদ্ধের পরিবারকে সমানতালে চাপ দেওয়া হচ্ছে যেন তাঁকে আর বাড়িতে ঢুকতে না দেওয়া হয়।

এক রাতে যে এভাবে গ্রামের পরিস্থিতি বদলে যাবে, সেটা এখনও বিশ্বাস করতে পারছেন না গ্রামের অনেকেই। গারোভিটার প্রবীণ বাসিন্দা ধীরেন রায় যেমন পুরো বিষয়টিকে এখনও দুঃস্বপ্নের মতো দেখছেন। তাঁর কথায়, 'এতদিন ধরে গ্রামে আছি। তবে এই রকম পরিবেশ দেখিনি। চেনা মুখগুলো যেন বদলে গিয়েছে। আমাদের এলাকায় তো এমন ঘটনা ঘটার কথা না। কোথা থেকে কী হয়ে গেল, বুঝতে পারছি না।'

রবিবার রাতে ওই বৃদ্ধার বাড়িতে চড়াও হন গ্রামের দুই শতাধিক বাসিন্দা। বাড়ি ভাঙচুর করা হয়। সেই বাড়ি মঙ্গলবার সংস্কার করা হয়েছে। অভিযোগ করা হয়, ওই বাড়ির এক বয়স্ক বাসিন্দার কালাজাদুর ফলে গ্রামের লোকজন একের পর এক অসুস্থ হয়ে পড়ছেন। অনেকের মৃত্যুও হয়েছে। কালাজাদুর অস্তিত্ব আছে নাকি নেই, প্রশ্নকে দূরে সরিয়ে রেখে জানতে চাওয়া হল, গ্রামে কার কার মৃত্যু হয়েছে সম্প্রতি, কে কে আত্মহত্যা করেছেন। জবাব মিলল না। গ্রামের এক বাসিন্দার কথায়, 'অনেকে অসুস্থ, অনেকে মারা গিয়েছে আত্মহত্যা করে। কারা মারা গিয়েছে বলতে পারব না।' আরেক বাসিন্দার কাছেও একই প্রশ্ন রাখা গেল। তিনি অনেক ভেবে জানালেন মাসখানেক আগে গ্রামের এক বাসিন্দার ঝুলন্ত দেহ উদ্ধার করার কথা। আর কিছু বলতে পারলেন না। গারোভিটা মোড়ের এক ব্যবসায়ী সন্তোষ বর্মনও জানালেন, সম্প্রতি গ্রামে অনেক মৃত্যুর ঘটনা ঘটেছে। তবে একটা ঘটনার কথাও বলতে পারলেন না। শেষে বললেন, 'নতুন ঘটনা নয়। কয়েক বছর ধরে মৃত্যু হচ্ছে।'

কালাজাদুর অভিযোগ তুলে বৃদ্ধকে গ্রামছাড়া করার ঘটনায় গ্রাম এখন মোটামুটি দুই ভাগ। কেউ বলছেন, কাজটা ঠিক হয়নি। কেউ বলছেন, তাঁর আচরণ নাকি সন্দেহজনক ছিল। তবে বৃদ্ধকে নিয়ে যে এলাকায় ব্যাপক গুজব ছড়িয়েছে, এটা স্পষ্ট।

সোমবার গ্রামের বাসিন্দাদের সচেতন করতে গিয়েছিলেন পশ্চিমবঙ্গ বিজ্ঞানমঞ্চের আলিপুরদুয়ার জেলা কমিটির সদস্যরা। এদিন তাঁরা আবার ওই গ্রামের পরিস্থিতি খতিয়ে দেখতে যান। আবার সেখানে শিবির করে মানুষকে সচেতন করা হবে বলে জানাচ্ছেন ওই সংগঠনের সদস্যরা।

**পরিস্থিতি**

- এলাকা এখনও থমথমে
- সেই বৃদ্ধ পালিয়ে মেয়ের বাড়িতে আশ্রয় নিয়েছেন
- ভাঙচুর করা বাড়ি সংস্কার করা হয়েছে
- সচেতনতা শিবিরের কথা ভাবছে প্রশাসন ও বিজ্ঞানমঞ্চ

সংগঠনের সদস্য তথা আলিপুরদুয়ার হাইস্কুলের প্রাক্তন প্রধান শিক্ষক শান্তনু দত্তের বক্তব্য, 'জেলা সদরের এত কাছে যে এইরকমভাবে কুসংস্কার বাসা বাঁধবে, সেটা বিশ্বাস করা যায় না। যে ব্যক্তির বিরুদ্ধে অভিযোগ উঠছে তাকে নিয়ে বিভিন্ন প্রশ্ন থাকতে পারে তবে কালাজাদু বলে যে কিছু হয় না সেটা গ্রামবাসীদের বুঝতে হবে।'

সচেতনতা শিবিরের কথা ভাবছে প্রশাসনও। এবিষয়ে বঞ্চুকামারি গ্রাম পঞ্চায়েতের প্রধান দীপঙ্কর দাসের কথায়, 'আমরাও ওই গ্রামে একটি শিবির করার কথা ভাবছি।'

# খুলবে অনুসারী কৃষক বাজার, আশায় হলদিবাড়ি


*পড়ে থেকে নষ্ট হতে বসেছে হলদিবাড়ির অনুসারী কৃষক বাজার।*

**অমিতকুমার রায়**

**হলদিবাড়ি, ২৪ জুন :** প্রায় ১৪ কোটি টাকা ব্যয়ে তৈরি হলদিবাড়ির অনুসারী কৃষক বাজার পড়ে থেকে থেকে নষ্ট হতে বসেছে। এবার সেই অনুসারী কৃষক বাজার চালু করা নিয়ে তৎপর হল কোচবিহার জেলা প্রশাসন। সেই উদ্যোগের অঙ্গ হিসেবে ইতিমধ্যেই ব্লক প্রশাসনের তরফে বাজারটি পরিদর্শন করা হয়। পরিত্যক্ত বাজারের বর্তমান পরিস্থিতি সম্পর্কে রিপোর্টও সংগ্রহ করা হয়েছে। বাজারটি চালু করার জন্য হলদিবাড়ির সবজি ব্যবসায়ীদের সঙ্গে বৈঠকের উদ্যোগও নেওয়া হয়েছে। ব্লক প্রশাসন সূত্রে জানা গিয়েছে, আগামী সপ্তাহের মধ্যে এনিয়ে একটি বৈঠকের আয়োজন করা হবে। সেবিষয়ে ইতিমধ্যে প্রয়োজনীয় চিঠি তৈরি করা হয়েছে। এমন খবরে হলদিবাড়ি ব্লকে কৃষকরা সকলেই খুশি। কষ্ট করে উৎপাদিত কৃষিপণ্যের সঠিক মূল্য পাওয়ার আশায় স্বপ্ন বুনছেন তাঁরা। এনিয়ে হলদিবাড়ির বিডিও রেনজি লামো শেরপা জানিয়েছেন, ইতিমধ্যে বাজারটি পরিদর্শন করে তার রিপোর্ট সংগ্রহ করা হয়েছে। আগামী সপ্তাহে হলদিবাড়ির পাইকারি সবজি ব্যবসায়ীদের সঙ্গে বৈঠক করে বাজারটি চালুর বিষয়ে আলোচনা করা হবে।

২০১৮ সালে গ্রামীণ অবকাঠামো উন্নয়ন তহবিল থেকে প্রায় ১৪ কোটি টাকা ব্যয় করে ওই বাজারটি তৈরি করা হয়। কৃষিফার্মের জমিতে অবস্থিত বাজারটিকে মোট ১২টি ব্লকে ভাগ করে মোট ৬৪টি ছোট-বড় দোকান তৈরি হয়েছে। এর পাশেই রয়েছে কৃষক বাজার। সেটিও এখনও চালু হয়নি। বাজার দুটি চালু না হওয়ার ফলে প্রতি বছর হলদিবাড়ি শহরের বাজার চত্বরে টমেটো ও লংকার পাইকারি বাজার বসে। এতে বাজারে আসা সাধারণ মানুষ থেকে শুরু করে কৃষক ও ব্যবসায়ীদের দুর্ভোগে পড়তে হয়। বাজার চত্বরে যানজটে জনজীবন ক্ষতিগ্রস্ত হয়। তার ওপর বাজার চত্বরে অবস্থিত রেলগেটটি বন্ধ হলে দুর্ভোগ আরও কয়েকগুণ বেড়ে যায়। ভিনরাজ্য থেকে আসা বড় বড় ট্রাকে শহরে রাস্তা অবরুদ্ধ হয়ে যায়। তার থেকে মুক্তি পেতে পুর নাগরিক সহ বাজারে আসা ক্রেতারা চাইছেন বাজার দুটি খুলুক।


এনিয়ে হলদিবাড়ি ভেজিটেবল লোডার্স ওয়েলফেয়ার অ্যাসোসিয়েশনের সম্পাদক দিগ্বিজয় সরকার বলেন, 'সরকারের তরফে যে পরিমাণ সেলামি ও মাসিক ভাড়ার কথা বলা হয়েছে। তা নিয়ে আপত্তিতেই বাজারটি চালু করা সম্ভব হয়নি।' আবার হলদিবাড়ির সহ কৃষি অধিকর্তা দীপ সিনহা জানান, জেলা শাসকের নির্দেশে বন্ধ হয়ে থাকা অনুসারী কৃষক বাজার চালু করার বিষয়ে তৎপরতা শুরু করা হয়েছে।

## পরিবারের কাছে ফিরলেন মনোরোগী

**মেখলিগঞ্জ, ২৪ জুন :** মানসিক ভারসাম্যহীন এক ব্যক্তিকে আটক করে পরিবারের হাতে তুলে দিল কুচলিবাড়ি থানার পুলিশ। ওডিশার ময়ূরভঞ্জ জেলার বাসিন্দা নীলকণ্ঠ নায়েকের ছেলে বিশ্বশ্বর নায়েককে তিনবিঘা সীমান্ত এলাকায় ঘুরে বেড়াতে দেখেন সীমান্ত রক্ষীবাহিনীর জওয়ানরা। তখন তাঁকে আটক করে গত রবিবার কুচলিবাড়ি থানার হাতে তুলে দেওয়া হয়। কুচলিবাড়ি থানা আটক ওই ব্যক্তির পকেট থেকে ফোন নম্বর উদ্ধার করে। এরপর তাঁকে মেখলিগঞ্জ মহকুমা হাসপাতালে নিয়ে ভর্তি করা হয়। ওইদিনই ওডিশায় তাঁর পরিবারের সঙ্গে যোগাযোগ করে পুলিশ। অবশেষে সোমবার ওই ব্যক্তির আত্মীয় পরিজনরা মেখলিগঞ্জ এসে পৌঁছান। তখন বিশ্বশ্বরকে পরিবারের হাতে তুলে দেওয়া হয়। মঙ্গলবার মানসিক ভারসাম্যহীন ওই ব্যক্তিকে নিয়ে বাড়ির পথে রওনা হন তাঁর আত্মীয় পরিজন। বিশ্বশ্বরের ভাই দীপক নায়েক বলেন, 'রবিবার পুলিশের তরফে আমাদের হোয়াটসঅ্যাপে ভাইয়ের ছবি পাঠিয়ে ফোনে যোগাযোগ করা হয়। দেখেই ভাইকে চিনতে পারি। ভাই মনোরোগী। গত এক বছর ধরে সে নিখোঁজ ছিল। ভাইকে পেয়ে খুব আনন্দ হচ্ছে।'


*হাসপাতালের বাইরে বিশ্বশ্বর ও তাঁর পরিবারের সদস্যরা।*

## দিঘি নয়, যেন কচুবন...


*কোচবিহার হেরিটেজ শিবদিঘির বেহাল অবস্থা। ছবি : জয়দেব দাস*

# বিডিও'র বিরুদ্ধে কাটমানি চাওয়ার অভিযোগ

**আলিপুরদুয়ার ও কালচিনি, ২৪ জুন :** বিভিন্ন কাজের ক্ষেত্রে কাটমানি দিতে হয়। এই অভিযোগ তো এখন পুরোনো হয়ে গিয়েছে। জনপ্রতিনিধি থেকে শুরু করে সরকারি কর্মীদের একাংশের বিরুদ্ধে এমন অভিযোগ আগেও উঠেছে। তবে এবার খোদ কালচিনির বিডিও'র বিরুদ্ধে কাটমানি চাওয়ার অভিযোগ উঠল। সেই অভিযোগ তুলেছেন কালচিনির এক পর্যটন ব্যবসায়ী। কেবল অভিযোগ তোলা নয়, তা লিখিতভাবে জানিয়েছেন জেলা শাসকের কাছে। যদিও সব অভিযোগ মিথ্যা বলে উড়িয়ে দিয়েছেন কালচিনির বিডিও মিঠুন মজুমদার।

সেই পর্যটন ব্যবসায়ী কিঙ্কর রায় আবার আলিপুরদুয়ার ডিস্ট্রিক্ট হোটেল অ্যান্ড রিসর্ট অ্যাসোসিয়েশনের সভাপতি। মেন্দাবাড়িতে তাঁর একটি রিসর্ট রয়েছে। কিঙ্করের অভিযোগ, ফুড অ্যান্ড লজিং সংক্রান্ত লাইসেন্স রিনিউয়াল করতে গিয়ে কালচিনির বিডিও অতিরিক্ত টাকা চেয়েছেন। মঙ্গলবার জেলা শাসকের কাছে বিডিও বিরুদ্ধে তিনি অভব্য আচরণ করা ও অতিরিক্ত টাকা চাওয়ার অভিযোগ করেন। এদিন অভিযোগ জানানোর সময় সংগঠনের অন্য সদস্যরাও উপস্থিত ছিলেন।


*অভিযোগ জানিয়ে বেরিয়ে আসছেন ব্যবসায়ীরা। -আয়ুষ্মান চক্রবর্তী*

তবে সেইসব অভিযোগ উড়িয়ে দিয়ে কালচিনির বিডিও মিঠুন বলেন, 'কারও কাছে কোনওরকম টাকা চাওয়া হয়নি। এমন কোনও প্রমাণ দেখাতে পারবেন না কেউ। চার বছর ধরে ওই ব্যক্তির রিসর্টের লাইসেন্স পুনর্নবীকরণ করা হয়নি। তার তদন্তের জন্য একটু দেরি হয়েছিল। তবে মঙ্গলবার সকালেই তাঁর লাইসেন্স পুনর্নবীকরণ হয়ে গিয়েছে। তাঁকে সেকথা জানানোও হয়েছে।' এদিকে, কিঙ্কর ও বিডিও'র অভিযোগ-পালটা অভিযোগের পর নড়েচড়ে বসেছে জেলা প্রশাসন। বিডিও'র সঙ্গে হোটেল ও রিসর্ট মালিকদের কোনওরকম ভুল বোঝাবুঝি হয়েছে কি না, তা খতিয়ে দেখা হচ্ছে।

মেন্দাবাড়ি এলাকার ওই রিসর্টের লাইসেন্সের পুনর্নবীকরণের জন্য আবেদন করেছিলেন কিঙ্কর।

আলিপুরদুয়ার ডিস্ট্রিক্ট হোটেল অ্যান্ড রিসর্ট অ্যাসোসিয়েশনের সভাপতি বলেন, 'আমাকে বলা হয়, বিডিও অফিসের কন্ট্রাকচুয়াল কর্মীদের বেতন সহ অন্যান্য কাজের জন্য এই টাকা নেওয়া হচ্ছে। সেই টাকা দিতে না চাইলেই আমাকে সারাদিন বসিয়ে রেখেও সার্টিফিকেট দেওয়া হয়নি। এমনকি অতিরিক্ত টাকা না দেওয়ার জন্য অসম্মানজনক ব্যবহার করা হয়। তাই সংগঠনের তরফে এদিন জেলা শাসকের কাছে লিখিত অভিযোগ করেছি।'

এবিষয়ে জেলা শাসক আর বিমলা ও অতিরিক্ত জেলা শাসক (সাধারণ) অশ্বিনীকুমার রায় মন্তব্য করতে চাননি।



## রথের প্রস্তুতিতে বাধা বৃষ্টি, বেহাল পথঘাট

# নর্দমার জল পেরিয়ে মহড়া

দেবদর্শন চন্দ

**কোচবিহার, ২৪ জুন :** মঙ্গলবার শহরের কেশব রোডের বেহাল নর্দমা ব্যবস্থার সাক্ষী রইল মদনমোহনের নতুন রথ। এদিন ডাঙ্গরআই মন্দির চত্বরে মদনমোহনের নতুন রথের পুজো হয়। পুজোর পর সেই রথের মহড়ার জন্য নিয়ে যাওয়া হয় মদনমোহনবাড়িতে। এদিকে, সোমবারের বৃষ্টিতে কেশব রোডের বেশ কিছুটা অংশে জল জমে যাওয়ায় জলমগ্ন পথ দিয়েই নিয়ে যাওয়া হয় নতুন তৈরি করা রথটিকে। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, অল্প বৃষ্টিতেই ওই রাস্তাটিতে জল জমে যায়। বারবার প্রশাসনকে জানিয়েও লাভ হয়নি বলে অভিযোগ।

এই পরিস্থিতিতে অবিলম্বে রথযাত্রার আগে রাস্তাটির বেহাল পরিস্থিতি নিয়ে প্রশাসনের নজরদারির দাবি জানিয়েছেন স্থানীয় বাসিন্দারা। যদিও পুরসভার তরফে বুধবার থেকে রাস্তাটিতে কাজ শুরুর আশ্বাস দিয়েছেন কোচবিহার পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ। তিনি বলেন, 'ওই রাস্তাটি খুব নীচু। তবে রাস্তাটির ওই অংশে যাতে জল না জমে সেজন্য চেষ্টা করা হচ্ছে। বুধবার থেকেই কাজ শুরু হবে।'

শতাধিক বছর পর এবছর মদনমোহনের নতুন রথ তৈরি করা হল। শুক্রবার ওই নতুন রথে চেপে মাসির বাড়ির উদ্দেশ্যে রওনা দেবেন মদনমোহন ঠাকুর। গতবছরও নর্দমার জল পেরিয়ে মাসির বাড়িতে যেতে দেখা গিয়েছিল মদনমোহনকে। এবারেও পরিস্থিতি কি সেদিকেই এগোচ্ছে? এ নিয়ে যথেষ্টই উদ্বেগে রয়েছেন কোচবিহারের স্থানীয় বাসিন্দারা। এদিন দিনভর কেশব রোডে জল জমে থাকায় ক্ষোভ প্রকাশ করেছেন অধিকাংশ স্থানীয় বাসিন্দারা।

রাস্তার এই পরিস্থিতি নিয়ে কথা হচ্ছিল দিলীপ মজুমদারের সঙ্গে। তাঁর কথায়, 'কিছুদিন পরেই ওই রাস্তা দিয়ে মদনমোহন মাসির বাড়িতে যাবেন। এদিকে বৃষ্টি হলেই রাস্তাটি বেহাল হয়ে পড়ে।'

এদিন পুণ্ডিবাড়ি কৃষি মৌসম সেবাকেন্দ্রের তরফে আগামী ২৯ জুন পর্যন্ত মাঝারি থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দেওয়া হয়েছে। এই পরিস্থিতিতে রথযাত্রার আগের দিন বৃষ্টি হলে এবারেও সেই রাস্তায় জল জমার আশঙ্কা করছেন শহরবাসী। শুক্রবার বিকেলে তিথি মেনে রাজ আমলের নিয়ম অনুযায়ী মাসির বাড়ির উদ্দেশ্যে রওনা দেবেন মদনমোহন। সেদিন বিকেলে বিশেষ পুজোর পর রাজপরিবারের ধর্মীয় প্রতিনিধি, জেলা শাসক, সদর মহকুমা শাসক, দেবত্র ট্রাস্ট বোর্ডের কর্মকর্তাদের উপস্থিতিতে রথের দড়িতে টান পড়বে। এরপর ভক্তরা দড়ি টেনে রথ এগিয়ে নিয়ে যাবেন গুঞ্জবাড়িতে। সেখানে সাতদিন থাকবেন তিনি।

রথযাত্রার প্রসঙ্গে সদর মহকুমা শাসক তথা দেবত্র ট্রাস্ট বোর্ডের অন্যতম সদস্য কুণাল বন্দ্যোপাধ্যায় বলেন, 'রাস্তার বিষয়টি নিয়ে পুরসভা পরিকল্পনা করেছে। তবে প্রতিবারের মতো নিয়ম মেনে একই রাস্তা দিয়ে রথ গুঞ্জবাড়িতে যাবে।'



*জল পেরিয়েই নতুন রথ যাচ্ছে মদনমোহন ঠাকুরবাড়িতে। - জয়দেব দাস*

**উদ্বেগ বাড়ছে**

- সোমবারের বৃষ্টিতে কেশব রোডের বেশ কিছুটা অংশে জল জমে যাওয়ায় জলমগ্ন পথ দিয়েই নিয়ে যাওয়া হয় নতুন তৈরি করা রথটিকে
- অল্প বৃষ্টিতেই ওই রাস্তাটিতে জল জমে যায়, বারবার প্রশাসনকে জানিয়েও লাভ হয়নি বলে অভিযোগ
- মদনমোহনকে গতবছরও নর্দমার জল পেরিয়ে মাসির বাড়িতে নিয়ে যেতে দেখা গিয়েছিল

# দিনহাটাজুড়ে সতর্কতা

অমৃতা দে

**দিনহাটা, ২৪ জুন :** রথ বাকি আর তিনদিন। দিনহাটা শহরে রথযাত্রার প্রস্তুতি চলছে পুরোদমে। প্রতিটি মন্দির প্রাঙ্গণে এক বছর বাদে রথ সাজিয়ে তোলার কাজ শুরু হয়েছে। শহরের বেশ কয়েকটি মন্দির থেকে জগন্নাথ দেবের রথযাত্রা উপলক্ষ্যে শোভাযাত্রা বের হয়। পাশাপাশি শহরের আশপাশের বিভিন্ন এলাকা থেকেও রথের শোভাযাত্রা নজরে আসে এদিন।

জগন্নাথ দেব মন্দির থেকে বেরিয়ে বিভিন্ন পথ পরিক্রমার পর মাসির বাড়ি যান সাতদিনের জন্য। মা মহামায়া পাটের জগন্নাথ দেবের মাসির বাড়ি কালাচাঁদ মন্দির। ওইদিন তিনি সেখানেই যাবেন। সেখানে সাতদিন ধরে চলবে জগন্নাথ দেবের আরাধনা।

মহামায়া পাট মন্দিরের কার্যকরী সভাপতি দিলীপকুমার দেব বলেন, 'প্রায় ২৫ বছর ধরে জগন্নাথ দেবের রথযাত্রা অনুষ্ঠিত হচ্ছে মন্দির প্রাঙ্গণে।' সাতদিন কালাচাঁদ মন্দিরে জগন্নাথ দেবের ভোগ থেকে শুরু করে আরও ধর্মীয় অনুষ্ঠান হবে বলে তিনি জানিয়েছেন।

অন্যদিকে, দিনহাটার শতবর্ষ প্রাচীন মদনমোহন মন্দিরের রথ দিনহাটার রাস্তায় শোভাযাত্রার পর গোধূলি বাজারের নিত্য কালী মন্দিরে সাতদিনের জন্য থাকেন। সেখানে সাতদিন ভোগ নিবেদন হয়। আর সন্ধ্যা থেকে হয় কীর্তন আরতি। গোধূলি বাজার নিত্য কালী মন্দিরের সম্পাদক অনীল সাহার কথায়, 'বছরের এই সময়টার জন্য মন্দির কমিটি এবং স্থানীয় বাসিন্দারা অপেক্ষা করে থাকেন।'

অন্যদিকে, শহরের ভক্তদের শৃঙ্খলা বজায় রাখতে এবং দুর্ঘটনা এড়াতে থানা ও প্রশাসনের পক্ষ থেকেও প্রস্তুতি চলছে। দিনহাটা থানার আইসি জয়দীপ মোদকের বক্তব্য, 'প্রতি বছরের মতো এবছরও রথের থেকে দূরত্ব বজায় রেখে ভক্তদের রথ দর্শন করার ব্যবস্থা করা হবে। রথের ওপরে যে বসে থাকবে ইলেক্ট্রিকের তার নিয়ে যাতে সে সচেতন থাকে সেই বিষয়টিও নজরে রাখা হবে। রথযাত্রার সময় যাতে বিদ্যুৎ পরিষেবা সাময়িক বন্ধ থাকে সে বিষয়ে বিদ্যুৎ বণ্টন কোম্পানির সঙ্গেও কথা বলব।' সবকিছু নিয়ন্ত্রণের জন্য সিভিক ভলান্টিয়ার এবং পুলিশ থাকবে বলে জানিয়েছেন তিনি।



*সেজে উঠছে শতবর্ষ প্রাচীন মদনমোহন মন্দিরের রথ। দিনহাটায়।*



জল থইথই।। *মঙ্গলবার কেশব রোডে জয়দেব দাসের তোলা ছবি।*

## মাথাভাঙ্গা শহরের সবুজ প্রান্তর যেন পার্কিং জোন

# প্লাস্টিক বর্জ্যে ঢেকেছে মেলার মাঠ

বিশ্বজিৎ সাহা

**মাথাভাঙ্গা, ২৪ জুন :** কোচবিহার জেলাজুড়ে যখন প্লাস্টিক বর্জ্য নিষ্কাশনে সুষ্ঠু পরিকল্পনা এবং সচেতনতামূলক কর্মসূচি চলছে, তখন মাথাভাঙ্গা শহরের প্রাণকেন্দ্র মেলার মাঠে এক বিপরীত ছবি ধরা পড়ল। শহরের একমাত্র খোলা সবুজ অঞ্চল হিসেবে পরিচিত এই মেলার মাঠ বর্তমানে প্লাস্টিক বর্জ্যে ছেয়ে গিয়েছে। বিভিন্ন অনুষ্ঠান, মেলা আয়োজনের পর মেলার মাঠে পড়ে থাকে প্লাস্টিক বোতল এবং অন্য অপচনশীল বর্জ্য।

স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, এই মাঠ এখন প্রায় নিয়মিতভাবে বেসরকারি যানবাহনের পার্কিং জোনে পরিণত হয়েছে। অনেক সময় পুলিশ প্রশাসনের পক্ষ থেকেও দুর্ঘটনাগ্রস্ত কিংবা বাজেয়াপ্ত গাড়ি ওই মাঠে রাখা হয় বলে অভিযোগ। ফলে মেলার মাঠের সবুজ ঘাসও দ্রুত নষ্ট হয়ে যাচ্ছে। যদিও মাথাভাঙ্গা থানার আইসি হেমন্ত শর্মা অভিযোগ মানতে নারাজ। সবুজ রক্ষায় পুলিশ প্রশাসনের পক্ষ থেকে সেখানে গাছ লাগানো হচ্ছে বলে তিনি জানিয়েছেন।

মেলার মাঠ সংলগ্ন এলাকার ব্যবসায়ী বিপ্লব দত্ত, সুদীপ্ত সরকাররা জানিয়েছেন, শুধু দিনের বেলায় নয়, রাতের অন্ধকারেও কয়েকজন বাসিন্দা মেলার মাঠে আবর্জনা ফেলছেন। ফলে মাঠের সৌন্দর্য যেমন নষ্ট হচ্ছে, তেমনি পরিবেশে এর প্রভাব পড়ছে। পরিবেশকর্মী সংগঠন গ্লোবাল এনভায়রনমেন্ট কনজারভেটিভ অর্গানাইজেশন (জিকো)-এর কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক তাপস বর্মন বলেন, 'মেলার মাঠ রক্ষার দায়িত্ব পুরসভা এবং প্রশাসনকেই নিতে হবে।'

স্থানীয় বাসিন্দারা দীর্ঘদিন থেকেই মেলার মাঠকে সংরক্ষণের দাবি জানিয়ে এসেছেন। ভারতীয় বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতির মাথাভাঙ্গা শাখা সম্পাদক মাথাভাঙ্গার উন্নয়নের স্বার্থে ওই মাঠকে পরিষ্কার করা ও জনসাধারণের ব্যবহারের উপযোগী করে তোলার দাবি জানিয়েছেন তন্ময় চক্রবর্তী।

মাথাভাঙ্গা পুরসভার চেয়ারম্যান লক্ষপতি প্রামাণিকের বক্তব্য, 'শিবরাত্রিমেলার পর পুরসভার পক্ষ থেকে মেলার মাঠ পরিষ্কার করা হয়েছে।'

মেলার মাঠে প্লাস্টিক বর্জ্য ছড়িয়ে থাকার বিষয়টি লক্ষপতির জানা নেই বলেই জানিয়েছেন তিনি। লক্ষপতির সংযোজন, 'বিষয়টি খোঁজ নিয়ে দেখা হবে। সেখানে কেউ প্লাস্টিক বর্জ্য সহ কোনও আবর্জনা না ফেলে তা-ও নিশ্চিত করা হবে।'

পাশাপাশি দুর্ঘটনাগ্রস্ত যানবাহন যাতে মেলার মাঠে না রাখা হয় সেই ব্যাপারেও মাথাভাঙ্গা থানার আইসির সঙ্গে তিনি কথা বলবেন বলেও জানিয়েছেন। যদিও হেমন্ত বলেন, 'মহকুমা ভূমি ও ভূমি রাজস্ব আধিকারিকের নিয়ন্ত্রিত ওই মাঠে তাদের অনুমতি নিয়েই যানবাহনগুলি রাখা হয়।'



*মাথাভাঙ্গা মেলার মাঠজুড়ে ছড়িয়ে-ছিটিয়ে রয়েছে প্লাস্টিকের আবর্জনা।*

**অভিযোগ**

- শহরের একমাত্র সবুজ অঞ্চল হিসেবে পরিচিত এই মেলার মাঠ বর্তমানে প্লাস্টিক বর্জ্যে ছেয়ে গিয়েছে
- এই মাঠ এখন প্রায় নিয়মিতভাবে বেসরকারি যানবাহনের পার্কিং জোনে পরিণত হয়েছে
- অনেক সময় পুলিশ প্রশাসনের পক্ষ থেকেও দুর্ঘটনাগ্রস্ত কিংবা বাজেয়াপ্ত গাড়ি ওই মাঠে রাখা হয়

## জরুরি তথ্য

### ব্লাড ব্যাংক

(মঙ্গলবার সন্ধ্যা ৭টা পর্যন্ত)

**■ এমজেএন মেডিকেল কলেজ ও হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ০ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ২ |
| বি নেগেটিভ | - | ০ |
| এবি পজিটিভ | - | ০ |
| এবি নেগেটিভ | - | ২ |
| ও পজিটিভ | - | ১ |
| ও নেগেটিভ | - | ০ |

**■ মাথাভাঙ্গা মহকুমা হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ৯ |
| এ নেগেটিভ | - | ১ |
| বি পজিটিভ | - | ১১ |
| বি নেগেটিভ | - | ১ |
| এবি পজিটিভ | - | ৫ |
| এবি নেগেটিভ | - | ২ |
| ও পজিটিভ | - | ২০ |
| ও নেগেটিভ | - | ১ |

**■ দিনহাটা মহকুমা হাসপাতাল**

| | | |
|---|---|---|
| এ পজিটিভ | - | ১ |
| এ নেগেটিভ | - | ২ |
| বি পজিটিভ | - | ২ |
| এবি পজিটিভ | - | ১৮ |
| ও পজিটিভ | - | ২ |
| ও নেগেটিভ | - | ০ |

# ওভারব্রিজ দাবি

অমৃতা দে

**দিনহাটা, ২৪ জুন :** নিত্যদিন যানজটে নাকাল হতে হচ্ছে দিনহাটা শহরের সাহেবগঞ্জ রোড ও বলরামপুর রোডের বাসিন্দাদের। বামনহাট, সাহেবগঞ্জ, নিগমনগর অথবা বলরামপুর রোডের দিকে বুড়িরহাট-নাজিরহাট থেকে শহরে ঢোকার মুখে রেলগেট সংলগ্ন এলাকাগুলিতে রোজই যানজট হয়। শহরের প্রবেশের মুখে প্রায় ঘণ্টাখানেক যানজটে আটকে থাকছেন পথচারীরা। যানজট নিয়ন্ত্রণে পুলিশ প্রশাসন কোনও ভূমিকা পালন করছে না বলে অভিযোগ তুলেছেন স্থানীয় ও পথচারীরা। তাঁরা যানজট নিয়ন্ত্রণে ওভারব্রিজের দাবি তুলেছেন।

স্টেশন রোডের বাসিন্দা সমীর সাহার কথায়, 'নিত্যদিনের যানজটে বহুবার প্রশাসনকে আবেদন জানিয়েও কোনওরকম সাড়া পাওয়া যায়নি। এই যানজটের জন্য অনেকক্ষেত্রেই নির্ধারিত সময়ে নির্দিষ্ট জায়গায় পৌঁছতে পারছি না।'

এবিষয়ে দিনহাটা পুরসভার ভাইস চেয়ারম্যান সাবির সাহা চৌধুরীর প্রতিক্রিয়া, বিষয়গুলি নিয়ে আলোচনা চলছে। পুলিশকে আবেদন করা হয়েছে লাইনের দু'পাশে ট্রাফিক নিয়ন্ত্রণের ব্যবস্থা নেওয়ার জন্য।

এবিষয়ে দিনহাটা শহরের ট্রাফিক ওসি মহাদেব শীলের বক্তব্য, 'সাহেবগঞ্জ রোড এবং বলরামপুর রোডে সিভিক নিয়োগ করা আছে যানজট নিয়ন্ত্রণের জন্য। এছাড়াও প্রতিনিয়ত অভিযান চালানো হয়।'

**যানজটে জেরবার নিত্যযাত্রীরা**



*এভাবেই রোজ যানজটে নাকাল হতে হয় দিনহাটাবাসীকে। মঙ্গলবার।*

দিনহাটা শহরে গ্রামের থেকে ঢুকতে গেলেই দুটি রেলগেটে মাঝেমধ্যেই যানজটের সৃষ্টি হচ্ছে। এই যানজট লেগে থাকায় অনেক সময় জরুরি কাজে দিনহাটায় আসতে অনেকটাই সময় নষ্ট হচ্ছে। বিশেষ করে সমস্যায় পড়েন যাঁরা গ্রাম থেকে চিকিৎসা করাতে শহরে আসেন। ট্রেন চলাচলের সময় গেট পড়ে গেলে তাঁদের অপেক্ষা করতে হয় শহরে ঢোকার জন্য। অপরদিকে, স্কুল এবং কলেজের পড়ুয়ারা সকালে খানিকটা আগেই বেরিয়ে যায় যাতে ট্রেনের আসার আগেই তারা দিনহাটা শহরের ভেতরে প্রবেশ করতে পারে। স্বভাবতই যানজটমুক্ত করার জন্য সাহেবগঞ্জ রেলগেটে একটি ওভারব্রিজের দাবি জোরালো হয়ে উঠছে।

মঙ্গলবার বলরামপুর রোড রেলগেটের সামনে গেট পড়ে থাকার কারণে দীর্ঘক্ষণ ধরে দাঁড়িয়েছিলেন বুড়িরহাটের সজল রায়। সজল বললেন, 'বাইরে থেকে ডাক্তার এসেছেন নির্দিষ্ট সময়ে পৌঁছাতে হবে চিকিৎসার জন্য। নইলে তিনি বেরিয়ে যাবেন। কিন্তু এই যানজটের কারণে অনেকটাই দেরি হয়ে যাচ্ছে পৌঁছাতে। জানি না এরপর ডাক্তারবাবু বসে থাকবেন কি না।'

দিনহাটা মহকুমা ব্যবসায়ী সমিতি সম্পাদক রানা গোস্বামী জানালেন, বহুদিনের দাবি যানজটমুক্ত শহর গড়ে তোলা। একটি ওভারব্রিজের দাবিও জানানো হয়েছে। ওভারব্রিজ হলে সময়ের কাজ সময়ে করতে পারবেন। পাশাপাশি দুর্ঘটনা অনেকটাই কমবে।

## গাঁজা সহ ধৃত

**কোচবিহার, ২৪ জুন :** গাঁজা সহ দক্ষিণ দিনাজপুর জেলার বাসিন্দা অনীল মহন্তকে গ্রেপ্তার করল কোতোয়ালি থানার পুলিশ। মঙ্গলবার কোচবিহার শহরের কেশব রোড বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকা থেকে তাকে গ্রেপ্তার করা হয়। একটি কালো ব্যাগ থেকে ৮.১ কেজি গাঁজা বাজেয়াপ্ত করা হয়েছে। অতিরিক্ত পুলিশ সুপার (সদর) কৃষ্ণগোপাল মিনা জানিয়েছেন, মাদক আইনে মামলা রুজু করে ঘটনার তদন্ত শুরু করা হয়েছে।

## মেসির জন্মদিন

**কোচবিহার, ২৪ জুন :** কোচবিহারে ফুটবল তারকা মেসির জন্মদিন পালন করলেন তাঁর ভক্তরা। মঙ্গলবার 'গড ফ্যানস অফিশিয়াল'-র তরফে কোচবিহারের রেলগুমটি ও খাগড়াবাড়ি এলাকায় প্রায় ১৫০ জন দুঃস্থকে মাংসভাত সহযোগে মধ্যাহ্নভোজন করানো হয়। মেসির ভক্ত অনির্বাণ বৈদ্য, ভাস্বর চক্রবর্তী, বিবেক বিশ্বাসরা এদিন সামাজিক কাজকর্ম করেন। তাঁরা জানিয়েছেন, মেসির জন্মদিনে প্রতিবছরই এরকম কাজ করা হয়।

## সংবর্ধনা

**কোচবিহার, ২৪ জুন :** মঙ্গলবার রাজবংশী ভাষা আকাদেমির চেয়ারম্যান হরিহর দাসকে সংবর্ধনা দিল বাণেশ্বর সারথিবালা মহাবিদ্যালয় কর্তৃপক্ষ। পাশাপাশি স্থানীয় কৃষ্টি ও সংস্কৃতিকে কী করে এগিয়ে নিয়ে আসা যায়, সে বিষয়ে আলোচনাচক্রও হয় সেখানে।

## বিক্ষোভ

**কোচবিহার ও তুফানগঞ্জ, ২৪ জুন :** কালীগঞ্জে বোমাবাজিতে নাবালিকার মৃত্যুর ঘটনার প্রতিবাদে মঙ্গলবার সিপিএমের তরফে আন্দোলনে নামা হল। এদিন সন্ধ্যায় ডিওয়াইএফআই এবং এসএফআইয়ের তরফে কোচবিহারের কোতোয়ালি থানাতে বিক্ষোভ দেখানো হয়। দোষীদের শাস্তির দাবি তোলেন তাঁরা।

এদিকে, তুফানগঞ্জে বিক্ষোভ মিছিল করা হয়। মিছিলটি দলের শহর এরিয়া সমন্বয় দপ্তরের সামনে থেকে শুরু হয়ে বাজার পরিক্রমা করে। উপস্থিত ছিলেন দলের শহর এরিয়া কমিটির সম্পাদক অসীম সাহা, সদস্য অজয় বাগচী, জেলা সম্পাদকমণ্ডলীর সদস্য পূর্ণেশ্বর অধিকারী সহ অনেকে।

## এসি বাস চালু

**কোচবিহার, ২৪ জুন :** প্রায় পাঁচ বছর পর শর্টরুটে বাতানুকূল বাস পরিষেবা চালু করল উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণ নিগম। মঙ্গলবার সেন্ট্রাল বাস টার্মিনাস থেকে ১৬ জন যাত্রী নিয়ে এনবিএসটিসির এসি বাসের যাত্রা শুরু হল কোচবিহার-শিলিগুড়ি রুটে। নিগম সূত্রে খবর, কোচবিহার-শিলিগুড়ি রুটে এসি বাসে ভাড়া পড়ে ৩২০ টাকা। সেখানে ১০০ টাকা ছাড় দিয়ে আগামী ছয় মাস এই ভাড়ায় দেওয়া হবে বিশেষ ছাড়। উপস্থিত ছিলেন এনবিএসটিসির চেয়ারম্যান পার্থপ্রতিম রায়, পুরসভার চেয়ারম্যান রবীন্দ্রনাথ ঘোষ প্রমুখ। পার্থপ্রতিম বলেন, 'সাধারণ যাত্রীদের দাবি মেনে এই বাস পরিষেবা চালু করা হল। প্রতিদিন দুটো গাড়ি কোচবিহার-শিলিগুড়ি রুটে দু'বার করে চলবে।'

# শিশু উদ্যানের সরঞ্জামে দুর্ঘটনার আশঙ্কা

শুভ্রজিৎ বিশ্বাস

**মেখলিগঞ্জ, ২৪ জুন :** শিশু উদ্যানের বেশিরভাগ খেলাধুলোর জিনিস ভেঙে গিয়েছে। ছবিটি মেখলিগঞ্জ পুরসভার ৭ নম্বর ওয়ার্ডে অবস্থিত মেখলিগঞ্জ শিশু উদ্যানের। ওই ভাঙা সামগ্রীগুলি ব্যবহার করার ফলে দুর্ঘটনার আশঙ্কা বাড়ছে। স্থানীয়রা জানিয়েছেন, বাম জমানার শেষের দিক থেকে দীর্ঘদিন অবহেলায় পড়ে ছিল উদ্যানটি। তারপর তৃণমূল কংগ্রেসের গত পুর বোর্ডের আমলে উদ্যানটি সংস্কার করা হয়েছিল। শিশুদের খেলাধুলোর জন্য রকমারি সরঞ্জাম বসানো হয়েছিল। এছাড়া উদ্যানে বসার ব্যবস্থাও করা হয়েছিল। এই উদ্যানে শিশুদের পাশাপাশি আশপাশের এলাকার তরুণ-তরুণী ও বয়স্ক মানুষরাও আসেন। সকলেই ওই ভাঙাচোরা জিনিসগুলি ব্যবহার করছেন। সকলের নিরাপত্তার কথা মাথায় রেখে অভিভাবক ও সচেতন বাসিন্দারা উদ্যান থেকে ওই অকেজো সরঞ্জামগুলি সরিয়ে নেওয়ার ও নতুন রকমারি সরঞ্জাম বসানোর দাবি জানিয়েছেন।

মেখলিগঞ্জ পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনি এবিষয়ে বলেন, 'বিষয়টি আমাদের নজরে রয়েছে। আমরা দ্রুত ভাঙা ও অকেজো খেলাধুলোর সামগ্রীগুলি সরিয়ে ফেলে সেই জায়গায় নতুন সামগ্রী বসানোর চেষ্টা করছি।' শিশুদের আকৃষ্ট করতে উদ্যানটিকে নতুন রূপে সাজানোর পরিকল্পনা রয়েছে বলে জানান তিনি।

শহরের বাসিন্দা শিবা সাহা বলেন, 'ওই শিশু উদ্যানের অনেক সরঞ্জাম ভেঙে যাওয়া সত্ত্বেও উদ্যানে আসা শিশুদের পাশাপাশি এক শ্রেণির অসচেতন মানুষ সেগুলি ব্যবহার করছে। এর ফলে যে কোনও মুহূর্তে বড় ধরনের বিপদ ঘটতে পারে।' তাই তিনি পুরসভার কাছে অনুরোধ জানিয়েছেন অকেজো জিনিসগুলিকে যেন উদ্যান থেকে সরিয়ে ফেলা হয়। শিশুদের জন্য যদি নতুন খেলাধুলোর সামগ্রী আনা যায় তাহলে খুব ভালো হয়। একই মত আরেক বাসিন্দা সাদ্দাম হোসেনের। তিনি বলেন, 'শিশুদের কোনটা ভাঙা বা কোনটা ভালো এত বোঝার ক্ষমতা নেই। তারা খেলার জিনিস দেখলে খুশি হয়ে সেগুলি নিয়ে খেলতে চায়। কিন্তু ভাঙা জিনিস নিয়ে খেলতে গিয়ে ওরা যে কোনও সময় চোট পেতে পারে। তাই পুরসভার উচিত বিষয়টি গুরুত্ব সহকারে দেখা।'



*মেখলিগঞ্জ শিশু উদ্যানে ভাঙা একটি সরঞ্জামে বসে দুই তরুণ।*

## পাড়ায় পাড়ায়



**মেখলিগঞ্জ**

### গাছের গুঁড়ি সরানোর দাবি

**মেখলিগঞ্জ, ২৪ জুন :** ঝড়ে পড়ে যাওয়া গাছের গুঁড়ি থেকে দুর্ঘটনার আশঙ্কা বাড়ছে মেখলিগঞ্জ পুরসভার ৭ নম্বর ওয়ার্ডে। মেখলিগঞ্জ-চ্যাংরাবান্ধা সড়কের পাশের একটি গাছ কিছুদিন আগে ঝড়ে মেখলিগঞ্জ শিশু উদ্যানে ভেঙে পড়ে। সেই গাছটি কেটে পরিষ্কার করা হলেও গুঁড়িটি বিপজ্জনক অবস্থায় রাস্তার পাশেই রয়েছে। এই সড়কে দিয়েই মেখলিগঞ্জের বেশিরভাগ যান চলাচল করে। রাস্তার উলটোদিকেই রয়েছে মেখলিগঞ্জ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়। তাই গাছের গুঁড়ি থেকে দুর্ঘটনার আশঙ্কা করছেন অনেকে। শহরবাসী কুন্তল চক্রবর্তীর কথায়, 'ঝড়ে পড়ে যাওয়া গাছের গুঁড়ি থেকে দুর্ঘটনার আশঙ্কা রয়েছে।'

পুরসভার চেয়ারম্যান প্রভাত পাটনি বলেন, 'শীঘ্রই গাছের গুঁড়িটি তুলে জায়গাটি সমান করার ব্যবস্থা নেওয়া হবে।'

**হলদিবাড়ি**

### আবর্জনায় অতিষ্ঠ জীবন

**হলদিবাড়ি, ২৪ জুন :** ফুটপাথ আছে কিন্তু সেখানে দিয়ে চলাই দায়। কারণ, ফুটপাথ দখল করে অস্থায়ী দোকান বসেছে। তেমনি তার পাশে জমে থাকা আবর্জনা থেকে ছড়াচ্ছে তীব্র দুর্গন্ধ। ঘটনাটি হলদিবাড়ি পুরসভার ৮ নম্বর ওয়ার্ডের ইমিগ্রেশন রোডের। কালীবাড়ি মোড় এলাকায় ইমিগ্রেশন রোড দখল করে বসছে সবজি সহ মাছের দোকান। পথচারীদের অভিযোগ, আবর্জনা জমে থাকায় জায়গাটি কুকুর, বিড়ালেরা আস্তানা হয়ে গিয়েছে। সঙ্গে রয়েছে মশার উৎপাতও। স্থানীয় তরুণ মনোজ পান্ডের কথায়, 'আবর্জনার দুর্গন্ধে অতিষ্ঠ হয়ে উঠেছে জীবন।'

এবিষয়ে ওয়ার্ড কাউন্সিলার নিখিল দত্তের দাবি, 'অভিযোগ ঠিক নয়। আমরা নিয়মিত আবর্জনা সাফাইয়ের চেষ্টা করি। কর্মীর অভাবে মাঝেমধ্যে আবর্জনা পরিষ্কার করা হয় না।'



*তথ্য ও ছবি : শুভ্রজিৎ বিশ্বাস ও অমিতকুমার রায়*

# ডাকেট ডাকাতিতে স্বপ্নভঙ্গের আশঙ্কা



দুরন্ত প্রয়াস। তারপরও বেন ডাকেটের ক্যাচ ধরে রাখতে পারলেন না যশস্বী জয়সওয়াল। ৯৭ রানে থাকা ডাকেট শেষপর্যন্ত ফেরেন ১৪৯ রানে।

**ভারত-৪৭১ ও ৩৬৪**
**ইংল্যান্ড-৪৬৫ ও ৩২৮/৫**
**(৭৫ ওভার পর্যন্ত)**

**লিডস, ২৪ জুন :** মঞ্চ প্রস্তুত। উঁকি মারছে বছর তেইশ আগে হেডিংলেতে ইংল্যান্ড-বধের সোনালি স্মৃতি। পঞ্চম দিনে যখন খেলা শুরু হয়। ইংল্যান্ডের (চতুর্থ দিনে ২১/০ ছিল) দরকার ঠিক ৩৫০ রান। ভারতের দশ উইকেট।

মাথার ওপর মেঘলা আকাশ। মাঝেমধ্যে বৃষ্টি। সঙ্গে ঠান্ডা হাওয়া। বাইশ গজের দুই দিকে গুডলেংথে পঞ্চম দিনের উইকেটে ক্ষত চিহ্ন। ভারতীয় বোলারদের জন্য একেবারে আদর্শ পরিবেশ। যদিও বাইশ গজের দ্বৈরথে অন্যরকম স্ক্রিপ্ট।

প্রথম দুই সেশনে বেন ডাকেটের সাহসী ব্যাটিংয়ে এলোমেলো শুভমান গিল-গৌতম গম্ভীরদের হিসেবনিকেশ। জ্যাক ক্রলিকে নিয়ে রেকর্ড ১৮৮ রানের যুগলবন্দিতে ভারতীয় সাজঘরে আশঙ্কার মেঘ। উঁকি মারছে ২০২২ সলে বার্মিংহামে ৩৭৭ রানের পুঁজি নিয়ে হারের হতাশা।

প্রথম সেশনে অবিচ্ছিন্ন থেকে দলকে ১১৭/০-তে পৌঁছে দেন ডাকেট-ক্রলি। লাঞ্চের পর গিয়ার বদল। ১২১ বলে ষষ্ঠ সেঞ্চুরিতে পা রাখেন ডাকেট। আরও একটা হাফ সেঞ্চুরি ক্রলির। শেষপর্যন্ত ডাকেটদের দাপটে কিছুক্ষণের জন্য ব্রেক লাগে বৃষ্টিতে। শুভমানদের জন্য শাপে বর।

বৃষ্টির পর খেলা শুরু হলে ম্যাচে ফেরার চেষ্টা ভারতের। প্রসিধের হাত ধরে প্রথম উইকেট ক্রলির (৬৫)। নিজের পরের ওভারে প্রসিধ কৃষ্ণার ঝোলায় প্রথম ইনিংসের সেঞ্চুরিয়ান ওলি পোপ (৮)। ১৮৮/০ থেকে ২০৬/২। দমবন্ধ পরিবেশে কিছুটা স্বস্তির অক্সিজেন।

বাঁহাতি ডাকেটকে কিন্তু রোখা যাচ্ছিল না। মহম্মদ সিরাজদের বল অফস্টাম্পের বাইরে পেলে অনায়াসে বাউন্ডারি হাঁকাচ্ছিলেন। রিভার্স সুইপে বিগড়ে দিলেন জাদেজার লাইন লেংথ। যার সুবাদে ৫৪তম ওভারেই আড়াইশো পার ইংল্যান্ডের।

দরকার আর ১২১। হাতে আট উইকেট এবং ৪৩ ওভার। ঠান্ডা ও বৃষ্টিকে উপেক্ষা করে মাঠে উপস্থিত বেশ কিছু ভারতীয় সমর্থকরা হয়তো বৃষ্টির প্রার্থনা করছিলেন। কিন্তু চলতি দ্বৈরথে ফের টুইস্ট। এবার শার্দূল ঠাকুরের জোড়া শিকার। পরপর দুই বলে সাজঘরে 'বিপজ্জনক' ডাকেট (১৭০ বলে ১৪৯) ও হ্যারি ব্রুক (০)।

ম্যারাথন ইনিংসের ক্লান্তি। শট হাওয়ায় চলে যায়। বল সোজা পরিবর্ত ফিল্ডার নীতিশ কুমার রেড্ডির হাতে। ইতি ডাকেট-শোয়ে। ফের নতুন করে ম্যাচে ফেরার আশায় বুঁদ হওয়া ভারতীয় শিবিরের।

ততক্ষণে অবশ্য ২১টি চার ও ১টি ছক্কা দিয়ে সাজানো ইনিংসে গম্ভীরদের রক্তচাপ বাড়িয়ে দিয়েছেন ডাকেট। উদ্দীপনা বাড়িয়ে পরের বলেই ব্রুক-শিকার শার্দূলের। শার্দূলের হ্যাটট্রিক আটকান বেন স্টোকস। ইংল্যান্ড ২৫৩/২ থেকে ২৫৩/৪।

ক্রিজে ইংল্যান্ড দলের দুই মহীরুহ স্টোকস, জো রুট। দ্রুত দুইজনকে ফেরানো মানে ম্যাচ ফের হাতের মুঠোয়। খারাপ আবহাওয়া, মন্দ আলোয় আগেভাগে চা পানের বিরতি। ৩৩ রানের ইনিংসে চ্যালেঞ্জটা ভালোই সামলালেন ইংরেজ অধিনায়ক। রুটের সঙ্গে তাঁর ৪৯ রানের জুটি লক্ষ্যের আরও কাছে পৌঁছে দেয় ইংল্যান্ডকে। শেষ খবর পাওয়া পর্যন্ত ৭৫ ওভারে ইংল্যান্ডের স্কোর ৩২৮/৫। ক্রিজে রুট (৪০) ও জেমি স্মিথ (১৩)। জয়ের জন্য ইংল্যান্ডের দরকার আর ৪৩ রান।

পঞ্চম দিনের খেলা শুরুর আগে ১ মিনিটের নীরবতা পালন। দুই দলের কালো আর্মব্যান্ড পরে মাঠে নামে প্রয়াত প্রাক্তন ভারতীয় স্পিনার দিলীপ দোশিকে শ্রদ্ধা জানিয়ে। ভারতীয় শিবিরে আবার ঋষভের বিরুদ্ধে আইসিসি-র পদক্ষেপ নিয়ে অসন্তোষ, ক্ষোভ। তৃতীয় দিনে বল পরিবর্তন নিয়ে আম্পায়ারের সঙ্গে অসৌজন্যতা প্রকাশের অভিযোগ।

প্রয়াত প্রাক্তনকে শ্রদ্ধা এবং ঋষভ-ইস্যুকে সামনে রেখে শুভমান পক্ষের শুভসূচনায় হেডিংলে জয়। লক্ষ্যটা পরিষ্কার ছিল ভারতের সামনে। প্রথম ঘণ্টা গুরুত্বপূর্ণ। নতুন বলে সবে ৬ ওভার খেলা হয়েছে। জসপ্রীত বুমরাহর নেতৃত্বে বোলাররা যার ফায়দা তুলতে মরিয়া থাকবে, চতুর্থ দিনের শেষে বলেছিলেন লোকেশ রাহুল।

যদিও প্রথম দুই সেশনে ডাকেট শোয়ে উলটো ছবি। তারকাদের ভিড়ে ইংল্যান্ডের ব্যাটিং লাইনআপে ডাকেট অনেকটা 'খেটে খাওয়া' সদস্য। বল ছাড়ার বদলে মারতে বেশি পছন্দ করেন। প্রথম আধঘণ্টা বাদ দিয়ে বাকি সময়ে তারই প্রদর্শনী।

মাঝের সেশনে ডাকেটের বাজবলের বিচ্ছুরণে খেই হারাচ্ছিলেন বুমরাহও। অনায়াসে বুমরাহকে মাঠের চতুর্দিকে পাঠাচ্ছিলেন। ডাকেটের 'রান ডাকাতি'র ধাক্কায় ক্রমশ ফিকে দেখাচ্ছিল শচীন তেন্ডুলকার-সৌরভ গঙ্গোপাধ্যায়দের ২০০২ সালের হেডিংলে জয়ের পুনরাবৃত্তির লক্ষ্য। ঘুরপাক খাচ্ছিল ২০২২-এর গত সফরে বার্মিংহামে ৩৭৭ রানের পুঁজি নিয়ে জনি বেয়ারস্টো-রুটের জোড়া ধমাকায় ম্যাচ হারের স্মৃতি।

বোলিং ব্যর্থতা সঙ্গে বজায় থাকে ক্যাচ মিসের রোগ। লাঞ্চের ঠিক আগে নিজের বলে ক্রলির (৪২ রানের মাথায়) নীচু ক্যাচ হাতছাড়া করেন বুমরাহ। ফলো থ্রুতে দ্রুত ঝুঁকে পড়ে বলের কাছে পৌঁছেও তা ধরে রাখতে পারেননি। ডাকেটের (৯৭ রানে ছিলেন) ক্যাচ পেলেন যশস্বী জয়সওয়াল।

ক্ষোভে ফেটে পড়েন সিরাজ। প্রত্যাশিত। গোটা ম্যাচে যশস্বী চার-চারটা ক্যাচ ফেলে কার্যত সমীকরণ বদলে দেন।



রিভার্স সুইপে বেন ডাকেট। তুরীয় মেজাজে ব্যাট ঘোরালেন সারাদিন।



১৭ রানে আউট বৈভব সূর্যবংশী।

## ব্যর্থ বৈভব-আয়ুষ
# অনূর্ধ্ব-১৯ ভারত ৪৪৪

**লাফবোরো, ২৪ জুন :** ইংল্যান্ড সফরের শুরুটা ভালো হল না বৈভব সূর্যবংশী-আয়ুষ মাত্রের। ইংল্যান্ড ইয়ং লায়ন্সের বিরুদ্ধে আমন্ত্রণী ৫০ ওভারের ম্যাচে ওপেন করতে নেমে আয়ুষ আউট হলেন ১ রানে। বৈভব ১৭ রানে ফিরে যান। দলের দুই তারকার ব্যর্থতার পরও অনূর্ধ্ব-১৯ ভারত ৯ উইকেটে ৪৪৪ রান তুলেছে। ৯ নম্বরে নেমে হরবংশ পাঙ্গালিয়া ৫২ বলে ১০৩ রান করে অপরাজিত থেকে যান। তিনটি অর্ধশতরানের ইনিংস এসেছে লোয়ার অর্ডার থেকে। ৬ নম্বরে নামা রাহুল কুমার (৭৫), ৭ নম্বরে নেমে কণিষ্ক চৌহান (৭২) ও ৮ নম্বর ব্যাটার আরএস অম্বরিশ (৭২) – প্রত্যেকেই সফল হয়েছেন।

## সেরা সার্না হাইস্কুল

**আলিপুরদুয়ার, ২৪ জুন :** রবিকান্ত হাইস্কুলের সহযোগিতায় প্রি-সুব্রত কাপের আলিপুরদুয়ার পশ্চিম কেন্দ্রের অনূর্ধ্ব-১৭ মেয়েদের ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে ফোসকারডাঙ্গা সার্না আদিবাসী হাইস্কুল। ফাইনালে তারা ১-০ গোলে হারিয়েছে নির্মলা গার্লস হাইস্কুলকে। গোলস্কোরার ঊষা খেরিয়া। অন্যদিকে ছেলেদের বিভাগে নেতাজি বিদ্যাপীঠ টাইব্রেকারে ২-০ গোলে পাঁচকোলগুড়ি প্রমোদিনী হাইস্কুলকে হারিয়ে চ্যাম্পিয়ন হয়েছে।

## সুমনের ৫ গোল

**তুফানগঞ্জ, ২৪ জুন :** মহকুমা ক্রীড়া সংস্থার ফুটবল লিগের উদ্বোধন হল মঙ্গলবার। প্রথম ম্যাচে যুবশ্রী সংঘ, রসিকবিল ৮-০ গোলে মর্নিং স্পোর্টস রিক্রিয়েশন ক্লাবকে হারিয়েছে। সংস্থার মাঠে হ্যাটট্রিক সহ ৫ গোল করে ম্যাচের সেরা হয়েছেন সুমন বর্মন। হ্যাটট্রিক করেন রাকেশ বর্মনও। বুধবার মুখোমুখি হবে ধলপল সিনিয়ার ফুটবল একাদশ ও বলরামপুর একাদশ।

## মর্নিংয়ের ড্র

**আলিপুরদুয়ার, ২৪ জুন :** জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ফুটবল লিগে মঙ্গলবার মর্নিং বয়েজ ফুটবল অ্যাকাডেমি ও টাউন ক্লাবের ম্যাচ ২-২ গোলে ড্র হয়েছে। সূর্যনগর মাঠে গোল করেন মর্নিংয়ের আরিয়ান কুল্লু ও রাহুল ওরাওঁ। অন্যদিকে, টাউনের গোলস্কোরার সুজিত মুর্মু ও বিজয় সরকার।

## এটিও-র ড্র

**জলপাইগুড়ি, ২৪ জুন :** জেলা ক্রীড়া সংস্থার সুপার ডিভিশন ফুটবল লিগে মঙ্গলবার জেওয়াইসিসি এবং মালবাজার এটিও-র ম্যাচ ১-১ গোলে ড্র হয়েছে। গোল করেন জেওয়াইসিসি-র দীপঙ্কর রায় এবং এটিও-র আমির হোসেন। ম্যাচের সেরা হয়েছেন মালবাজারের সরোজ রাই।

# জুনিয়াররাই কলকাতা লিগে বাজি ডায়মন্ডের

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা, ২৪ জুন :** গত কলকাতা লিগের ফল কী হবে জানা নেই। বিষয়টি পুরোটাই আদালতের বিচারাধীন। তবে সেইসব না ভেবে আসন্ন কলকাতা লিগকে পাখির চোখ করেছে ডায়মন্ড হারবার এফসি।

এবারের কলকাতা লিগে 'বি'-গ্রুপে রয়েছে ডায়মন্ড হারবার। মূলত অনভিজ্ঞ ফুটবলারদের নিয়েই দল গড়েছে তারা। এই দলে পরিচিত মুখদের মধ্যে সুপ্রিয় পণ্ডিত, সুব্রত সাঁতরা, দিলীপ ওরাওঁ, রাহুল পাসোয়ানদের দেখা যাবে। এছাড়াও গাংতে, মজিদ, আমজাদের মতো প্রতিভাবান ফুটবলাররাও রয়েছেন। কোচ দীপাঙ্কুর শর্মা।

সিনিয়ার দলের হেড কোচ কিবু ভিকুনা কলকাতা লিগে টিডির দায়িত্ব পালন করবেন। কলকাতা লিগে দলের প্রস্তুতি নিয়ে তিনি বলেছেন, 'এবারে আমাদের দলটা প্রায় নতুন। তার ওপর কলকাতা লিগে প্রতিটি প্রতিপক্ষই কঠিন। তবুও আশা করছি, আমরা ভালো ফল করব।' তিনি আরও যোগ করেছেন, 'আমাদের এই দল থেকে কিছু ফুটবলারকে আই লিগের দলে নেওয়া হবে। কিছু ফুটবলার ডেভেলপমেন্ট লিগে খেলবে।' একই মত কোচ দীপাঙ্কুরও। পাশাপাশি কিবুর সঙ্গে কাজ করার অভিজ্ঞতা নিয়ে তিনি বলেছেন, 'কিবুর কলকাতা লিগ ও আই লিগে কোচিং করানোর অভিজ্ঞতা রয়েছে। উনি প্রতি মুহূর্তে মূল্যবান পরামর্শ দিয়ে দলকে সাহায্য করছেন।' দলের সহকারী কোচ অভিষেক দাস কলকাতা লিগকে জুনিয়ার ফুটবলারদের নিজেকে প্রমাণ করার মঞ্চ হিসেবে দেখছেন।



এবারে আমাদের দলটা প্রায় নতুন। তার ওপর কলকাতা লিগে প্রতিটি প্রতিপক্ষই কঠিন। তবুও আশা করছি, আমরা ভালো ফল করব।

**কিবু ভিকুনা**
ডায়মন্ড হারবারের টিডি

এবারের লিগে জায়েন্ট কিলার হিসেবে উঠে আসতে পারে কলকাতা পুলিশ। দলে সন্দীপ পাল, রাহুল মুর্মুর মতো পরিচিত মুখদের দেখা যাবে। কোচ বিজয় ঘোষের তত্ত্বাবধানে এবারও বড় দলগুলিকে চমক দিতে তৈরি তারা।

এদিকে, কলকাতা লিগে কালীঘাট মিলন সংঘের বাজি হতে চলেছে তাদের দলের বঙ্গসন্তানরা। দলে পরিচিত মুখদের মধ্যে বিবেক সিং, রাজেন ওরাওঁ, বিদ্যানন্দ সিংরা রয়েছেন। কোচের দায়িত্বে দেখা যাবে দীপঙ্কর বিশ্বাসকে। আপাতত সুপার সিক্সের যোগ্যতা অর্জন করাই লক্ষ্য তাদের। বুধবার তারা লিগের উদ্বোধনী ম্যাচে বেহালা এসএসের বিরুদ্ধে খেলবে। ম্যাচ শুরু ৭.১৫ মিনিটে। তার আগে বিকাল ৫টা থেকে উদ্বোধনী অনুষ্ঠান শুরু হবে। এবারের কলকাতা লিগের সব ম্যাচ এসএসইএন অ্যাপে সম্প্রচারিত হবে।



কলকাতা লিগের জন্য জার্সি প্রকাশ করল উয়াড়ি।

# চ্যাম্পিয়ন কুচলিবাড়ি 'বি'

**মেখলিগঞ্জ, ২৪ জুন :** কুচলিবাড়ি ফুটবল ক্লাবের কনক রায় ট্রফি ফুটবলে টুর্নামেন্টের চ্যাম্পিয়ন হলো কুচলিবাড়ি এফসি 'বি' দল। মঙ্গলবার ফাইনালে তারা ১-০ গোলে ডাঙ্গারহাট এনএন ইয়ুথ একাদশকে হারিয়েছে। গোল করেন নিরঞ্জন রায়। ফাইনালের সেরা কুচলিবাড়ির রাহুল রায়। সেরা ডিফেন্ডার কুচলিবাড়ির রাজা অধিকারী। সর্বাধিক গোলস্কোরার ইয়ুথের দক্ষ রায় পোদ্দার।



ট্রফি নিয়ে কুচলিবাড়ি এফসি 'বি' দল। ছবি : দীপেন রায়



ম্যাচের সেরার ট্রফি নিচ্ছেন রফিক হোসেন। ছবি : শিবশংকর সূত্রধর

## পুলিশ রিক্রিয়েশনের বড় জয়

**কোচবিহার, ২৪ জুন :** জেলা ক্রীড়া সংস্থার মরু ঘোষ ও হরেন্দ্রচন্দ্র রক্ষিত ট্রফি ফুটবল লিগে মঙ্গলবার কোতোয়ালি পুলিশ রিক্রিয়েশন ক্লাব ১৫-০ গোলে ভারতী সংঘ ও পাঠাগারকে হারিয়েছে। কোচবিহার স্টেডিয়ামে রফিক হোসেন হ্যাটট্রিক সহ আটটি গোল করেন। হ্যাটট্রিক করেন শুভাশিস রায়ও। জোড়া গোল রয়েছে প্রণয় থাপার। তাদের বাকি গোলস্কোরার নারায়ণ থাপা ও অতনু দাস। ম্যাচের সেরা রফিক। তিনি নীলমণি হাজরা ও প্রতিমা হাজরা ট্রফি পেয়েছেন।

## সেরা হাতিমারি হাইস্কুল

**মালদা, ২৪ জুন :** মালদা সদর মহকুমা কেন্দ্রের অনূর্ধ্ব-১৭ সুব্রত কাপে চ্যাম্পিয়ন হল হাতিমারি হাইস্কুল। মঙ্গলবার মালদা শহরের বৃন্দাবনী ময়দানে ছেলে এবং মেয়েদের দুইটি বিভাগেই জয়ী হয়েছে হাতিমারি। ছেলেদের বিভাগে হাতিমারি হাইস্কুল ১-০ গোলে হারিয়েছে পোপরা হাইস্কুলকে। হাতিমারির মেয়েদের দলও একই ব্যবধানে মাধাইপুর এআর হাইস্কুলের বিরুদ্ধে জয় পায়।

বুধবার চাঁচল মহকুমার কেন্দ্রের খেলা রয়েছে। ওই কেন্দ্রের ছেলে ও মেয়েদের চ্যাম্পিয়ন দল বৃহস্পতিবার চাঁচলে মালদা কেন্দ্রের চ্যাম্পিয়ন দলের মুখোমুখি হবে।

বিজ্ঞাপন
ডিয়ার সাপ্তাহিক লটারির ₹১কোটির বিজয়ী হলেন কলকাতা-এর এক বাসিন্দা



09.04.2025 তারিখের ড্র তে ডিয়ার সাপ্তাহিক লটারির 61K 27301 নম্বরের টিকিট এনে দেয় এক কোটি টাকার প্রথম পুরস্কার। তিনি পুরস্কার দাবির ফর্ম সহ তার বিজয়ী টিকিটটি জমা দিয়েছেন। বিজয়ী বললেন "ডিয়ার লটারি এবং নাগাল্যান্ড রাজ্য লটারি অসংখ্য বিজয়ী তৈরি করে আসছে এবং আমিও তাদের সাথে আমার ভাগ্য পরীক্ষা করতে পেরে খুবই আনন্দিত বোধ করছি। আমি প্রথম পুরস্কারের এক কোটি টাকার এই বিশাল পরিমাণ জিতেছি এবং সকলকে কোটিপতি হওয়ার এই অভাবনীয় সুযোগটি দেওয়ার জন্য আমার সমস্ত আন্তরিক কৃতজ্ঞতা জানাই।" ডিয়ার লটারির প্রতিটি ড্র সরাসরি দেখানো হয়।
পশ্চিমবঙ্গ, কলকাতা - এর একজন বাসিন্দা সুমিত কুমার সিং - কে
* বিজ্ঞাপনের তথ্য সরকারি ওয়েবসাইট থেকে সংগৃহীত।

# জয়ী জনকল্যাণ ক্লাব



ম্যাচের সেরার ট্রফি নিচ্ছেন সাগর বর্মন। ছবি : প্রতাপ ঝা

**জামালদহ, ২৪ জুন :** জামালদহ স্পোর্টস অ্যাসোসিয়েশনের প্রদীপকুমার ঘোষ, তপনকুমার মিত্র ও নগেন্দ্রনাথ সরকার ট্রফি ফুটবলে মঙ্গলবার উছলপুকুরির জনকল্যাণ সত্যেন্দ্রনাথ ক্লাব ৩-২ গোলে হারিয়েছে মাথাভাঙ্গার জুনিয়ার দলকে। জনকল্যাণের গোলস্কোরার সাগর বর্মন, রবিজিৎ বর্মন ও মৃণাল অধিকারী। মাথাভাঙ্গার গোল করেন সমর বর্মন ও রাহুল হোসেন। ম্যাচের সেরা সাগর। বুধবার মুখোমুখি হবে গোপালপুর নবীন সংঘ ও রানিরহাট প্লেয়ার্স ইউনিট।

